প্রস্তাবনা।

রঙ্গালয়ের সম্মুখ (নটীগণের গীত)

সাচ্চা বুলি, আমরা বলি, ভয় করিনা তাই।
ব'ল্‌বো ছুটো, নয়কো ঝুটো, রাগ ক'রোনা ভাই।
কুলের বধূ ঘরের কোণে, ব'সে থাকে ঘোম্‌টা টেনে,
ছাড়িয়ে শাড়ী, চড়াও গাড়ী, লজ্জা সরম নাই;
পার্কে যাওয়া, খাওয়াও হাওয়া,
ব'ল্‌বো কি আর ফাই ফাই।
কি এক বিষম ঢেউ উঠেছে,
নাকের উপর কাঁচ ব'সেছে,
মুখে বুলি, 'রিফরমেশন', এ এক ফ্যাসান
দেখ্‌তে পাই।
(আবারি) কলম গুঁজে, চক্ষু বুজে, এডিটোরি
ধুয়ো ছাই॥
বুক ফুলিয়ে, চেন ঝুলিয়ে, হুমরো চুমরো বাবু,
কমিশনার পদটী নিয়ে শেষে হ'লেন কাবু,
(আবার) কংগ্রেস নিয়ে, দেশ মজিয়ে, নিজের
মাথা নিজে খাই।
কাজ কি কথা, মাথা ব্যথা, এখন তবে 'গুড বাই'।

প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

মিঃ পাকড়াশীর কক্ষ।

ধুরন্ধর পাকড়াশী ও মালতী।

ধুর। বলি এতটা বাড়াবাড়ি কচ্চ কেন? অবস্থা বুঝে-ত' ব্যবস্থ ক'রতে হবে বটে।

মালতী। আর ব্যবস্থা কি যমের বাড়ী গিয়ে কর্বে? পৈতৃক-সম্পত্তি যা কিছু ছিল, প্রায় ত' সব ফোতো বাবুয়ানা করে উড়ালে। ভরসার মধ্যে চৌরিঙ্গির বাড়ীর ২০০৲ দুশো টাকা ভাড়া, আর তালতলার ভাড়া বাড়ীর ৯০৲ টাকা আয় এতে কি আর গাড়ী ঘোড়া রেখে নভেলিষ্ট মাগের খরচ জুগিয়ে নিজের নবাবী চাল চলে? যা হয় একটা উপায় কর বাবু! টানাটানি করে সংসার চালান আমার দ্বারা হবে না।

ধুর। আমার আর অপরাধ কি বল? সৎ উপায়ে হউক অসৎ উপায়ে হউক, যা কিছু রোজগার করি, তোমার হাতে এনে ধরে দিই, তোমার যে এক কি বাই নভেল

লেখা ছাপাখানার খরচ দিতে দিতেই সব ফুরিয়ে যায়,—তাও বুঝতুম যে বই গুলির কাটতি হয় খব বোঝাই, কাঁড়ি কাঁড়ি বই রুইএ কাটচে, ছাপাখানার ভূতের পেট ভ'রচে, লাভের মধ্যে ডোসাইল হাজব্যাণ্ড (Docile husband) আমি,—আমার মাথার ভেতর দিয়ে ইলেক্‌ট্রিক্ কারেণ্ট (Electric current) পাশ (pass) করচে।

মালতী। দেখ, ছোট মুখে বড় কথা কইও না। এত বড় কারেজ্ (courage) তোমার, আমার নভেলের নিন্দা কর? পা থেকে স্লিপার (slipper) খুলে এখনই ঘা কতক বসিয়ে দিব।

ধুর। বল কি মাই ডিয়ার। এতটা পারবে? আহা, কি মিষ্টি রসালাপ, যেন গ্রেট ইষ্টার্ণ হোটেলের ক্রিষ্টমাস কেক (Christmas' cake.)

মালতী। রাস্‌কেল্! ফুল্! (Rascal, Fool) তোমাদের মত কতকগুলি গাধা জুটেই দেশটাকে উচ্ছন্নে দিচ্চে। মেয়ে মানুষ নভেলিষ্ট (Novelist) দেশের একটা গ্লোরি (glory) তা জান? বিলেতে মেরি করেলির (Mary Corelli) নাম শুনেছ? সে যখন প্রথম প্রথম নভেল লিখতে সুরু করেছিল, তখন দেশের লোক হেসেই উড়িয়ে দিয়েছিল ক্রমে ক্রমে, বাই এণ্ড বাই (by and by) সে একজন মস্ত নামজাদা লেডী নভেলিষ্ট (Lady novelist) হয়ে দাঁড়িয়েছে। মেরি

করেলির সরোজ অফ্ সেটান (Sorrows of Satan) পড়েচ ? আমি সে দিন থ্যাকারের বাড়ী, বিলেতে নূতন নভেল কি উঠেছে জানবার জন্য বেড়াতে গিয়েছিলুম; তাদের কাছে শুনলুম, "সরোজ অফ্ সেটানের" মত কোন নভেলের এত কাটতি হয়নি। লেট্ টাইম কাম্ (Let time come), আমার বইএরও কাটতি হবে, নভেল বেচে আমিও চার তোলা বাড়ী করব।

ধুব সে টাইম (time) কতদিনে আসবে মাই ডিয়ার ? আমারও ইহকালের লীলা-খেলা প্রায় ফুরিয়ে এল, তোমারও প্রৌঢ়া অবস্থার প্রায় অবসান। ঠেকা ঠোকা দিয়ে কেবল ঠাট্‌টা বজায় রেখেচ বৈত না। গালেও মোচতা পড়ে এসেচে, দেহের মাংসও কিয়ৎ পরিমাণে শিথিল হয়েছে দবল্লির অনুগ্রহে যা কিছু যৌবনের ছিটে ফোঁটা আছে তোমার বইএর কাটতি আমি বেঁচে থাকতে থাকতে হচ্চে না।

মালতী তুমি বিষ্ট্ (beast), তোমার সঙ্গে বাজে কথা কয়ে আমার এনার্জি (energy) নষ্ট করতে চাই না। এখন আমি যা জিজ্ঞাসা করি, তার উত্তর দাও। মেয়েটার বিয়ে দেবার কি করচ ? সমস্ত মেয়ে হেথায় সেথায় যায়, কোন্ দিন কি করে ফেলবে, আমার ত' বড় ভয়। চার দিকে শত্রু হাসচে। যা তা করে একটা জোড়া—গাঁথা করে দাও। ওকি, মাথা চুলকুতে সুরু করলে যে ?

ধুর তাইত, তাইত। মেয়েটা দেখ্‌তে দেখ্‌তে বড্ড বেড়ে উঠ্‌লো,—করি কি। ঝাঁ করে বিয়ে দিয়ে দেওয় ত' মুখের কথা নয়,—কিছু থোক্ থাক্ দরকার খুব লম্বা চওড়া এক লোহার সিন্দুক খাড়া করে রেখে দেওয়া গেছে,—ভিতরে তাড়া বন্দি টাকা পাঁচ ছয়ের চক্‌চকে পয়সা আছে। ভুংএ না হয় তোমার আমার চল্‌বে তাল-তলার বাড়ীখানি বাঁধা দেওয়া ভিন্ন মেয়ে পার কর্‌ব র আর ত' উপায় দেখ্‌চি না কিন্তু সংসার ব্যাপার এম্‌নি কুটীল, একবার বন্ধক পড়্‌লে আর খোলসা হবেনা।

মালতী। মরুক্‌গে যাক্, তোমার ভাবনা তুমি ভাব্‌বে, আমি কেন মাথা খারাপ করি। আজ বিকেলে কোথাও বেরুবে কি?

ধুর। আমি কোন্ দিন কোন্ সময়ে ডিস্-এনগেজ্‌ড (dis-engaged) বল? আই অ্যাম অ-ফুলি বিজি অল দি টাইম (I am awfully busy all the time) আজ ইভনিং এ (evening) আমাদের কংগ্রেস (congress) কমিটি (committee)র একটা প্রাইভেট মিটিং (Private meeting) আছে, আমায় অ্যাটেণ্ড (attend) কর্‌তেই হবে

মালতী আমার একটা কথা শুনবে? কেন আর হাম্‌বাগ্ (humbug) করে বেড়াচ্চ। কংগ্রেস মংগ্রেস ছেড়ে দাও, তোমার মত বিজি ম্যান (busy man) আমি

ঢের দেখেছি। এই ত কমিশনার হয়ে কি চলানটা চলালে কেমন ঘুষখোর বলে মুখের মতন জুতো মার্‌লে সুড়্‌ সুড়্‌ করে ছেড়ে দিয়ে ঘরে এসে ঢুক্‌লে তোমার কপালে আরও দুঃখ আছে অনারারি ম্যাজিস্ট্রেটের পদটা ছাড় ঘরের খেয়ে বনের মোষ তাড়িয়ে লাভটা কি, আমায় বল্‌তে পার ?

ধুর অনার—অনার। (honor, honor।) আর কি —মস্ত মান ! এ একটা ভারি লাভের ব্যবসা, তুমি মেয়ে মানুষ বুঝ্‌বে না।

মালতী চুলোয় যাক্‌ তোমাদের কংগ্রেসে আমায় লেডী ডেলিগেট (Lady Delegate) হয়ে যেতে হবে নাকি ?

ধুর যেতে হবেনা। তুমি না গেলে আমি সাইফারের (cypher) দলে পড়ে যাব,—তোমার মানেই আমার মান

মালতী তবে আমায় একটা ভাল ড্রেস (dress) করে দাও ইলাষ্ট্রেটেড্‌ লণ্ডন নিউসে (Illustrated London News) সে দিন আমি লেটেষ্ট্‌ প্যারিস্‌ ফ্যাসান (Latest Paris Fashion)এর একটা ড্রেস দেখেছি বেশ ইংরাজী বাঙ্গালা মিশান। সেই রকম তৈয়ারী করাব, আমার চেহারায় সুন্দর সুট (suit) কর্‌বে

ধুর। তা বেশ, তাই করাও। কিন্তু দেখ বুকের কাছে কতকগুলি কি কাটি টাটি গুঁজে দেয়, ঐ গুলি বারণ

ক'র কোন দিন বিঁধে টিঁধে গিয়ে একটা রক্তারক্তি হবে,--আবার ব্যাথগেটের (Bathgate) ডিস্‌পেন-সারীর দেনা ১০০৲ এক শ' টাকা বেড়ে যাবে।

[ফুল্লকুমারীর প্রবেশ।]

ফুল (Papa! Papa!) পাপ্পা, পাপ্পা, আমি রেস (race) দেখ্‌তে যাব, আমায় সঙ্গে করে নিয়ে চল

ধুর তে যাব টেনিস (Tennis) খেলা হয়ে গেছে ?

ফুল। হ্যাঁ ; আমি রেস দেখ্‌তে যাব আর আমায় একখানা নূতন বাইসিকেল কিনে দিতে হবে আর বছরে যেখানা কিনে দিয়েছিলে সেখানায় আমি আর চড়ব না ; আর ফুটবলটাও একটু ছিঁড়ে গেছে, আর একটা নূতন চাই। আর পাপ্পা, আমাকে একখানি সেল্‌ফ-ড্রাইভিং (self-driving) গাড়ী কিনে দাও, আর একটা ভাল টাট্টু ঘোড়া আর আমার ড্রইং রুমে ইলেক্‌ট্রিক লাইট ফিট্ (fit) করে দাও গ্যাসের আলোয় আমি ভাল দেখ্‌তে পাইনা

ধুর হ্যাঁ মা, আর কিছু চাই না ? এক কাজ করি না কেন, বাঁড়ুয্যে কোম্পানীকে দিয়ে, বাড়ীখানা উল্‌টে গাঁথিয়ে দিই না কেন ? বাড়ীর ছাদ ভিতের দিকে, আর ভিত মাথার দিকে ক'রে দিক বাঁড়ুয্যে কোম্পানীর খুব

নাম ডাক আছে,চাই কি তার ভিত শুদ্ধ একদম বসিয়ে দিতে পারে ।

মালতী বুড়োমিস্সে লজ্জ হচ্ছে না,—মেয়ের সঙ্গে ঠাকুরা ক'চ্চ ?

ধূর কি কবি বল ? তোমার হেঁপায় অতি শীগ্‌গির ইন্‌সল-ভেন্সি ফাইল Insolvency file কর্‌তে হবে তার উপর কুলধ্বজ মেয়েব যা ফরমাজ শুন্‌চি,—নিজেকে গুলি ক'রে আত্মহত্যাকরা ছাড়া আরত' উপায় দেখ্‌চি, না।

ফুল তা কি হয় পাপ্পা, তা কি হয় ? লেখা পড়া শিখিয়ে শেষ নীচু চাল কি সয় ?

চ'ড়ব গাড়ী, চ'ড়ব "হুইল," খেলব সখের টেনিস্‌
দেখ্‌ব যেমন, শিখ্‌ব তেমন, তবে "কেরিয়ার ফিনিস" ॥
রেসে যাব, ডিনার খাব, পেলিটি হোটেলে
মরে বসে, রাইস্‌ ডাল্‌, আর কি মন ভোলে ॥
পাপ্পা, ম ম্মা, দুজন মিলে, উড়ালে নিশান।
পেয়েছি নূতন পথ ইমান্‌সিপেসান
ফ্লিলাভ্‌ শিখতে যাব, ইডেন্‌ গার্ডেনে
জুলিয়েট্‌ সম প্রেম রোমিওর সনে ॥
অথবা ফুলের ভূষা পরিয়া সুন্দর
ওফেলিয়া সাজি হব উদাস অন্তর ॥
সকলের মূল পাপ্পা মনি —মনি—মনি ।
কি আর কহিব, যাহা "সুইটান্‌ ষ্ট্যান্‌ হনি" ॥

গীত

সাম্‌লে চলা যায় কি পাপ্পা, পেয়েছি এডুকেশান।
প্রাণের ভিতর, ভাবের লহর, যেন প্যাসিফিক ওসান ॥
ফ্রিলাভ্‌এ চাই ট্রাজিডি,
অ্যাজ্‌ ওয়েল্‌ অ্যাজ কমিডি,
ফ্যান্সি লেডী ব'ল্‌বে তবে, হবে কেমন নিউ ফ্যাসান ॥
সিক্‌ল্‌ চড়ে, বিগ্‌ল ধরে, পার্কে খাব হাওয়া,
সাজ্‌বো সাধের ওফেলিয়া, পুকুর ধারে যাওয়া,
(হবে) নূতন মজা, উড়্‌বে ধ্বজা, কর্‌বে আলো

[ফুলকুমারীর প্রস্থান।

ধুর বলি বুঝ্‌চ কি, মেয়েটার ত', তোফা পাথ্‌না দেখা দিয়েচে, উড়্‌লেই হয়। ও যখন 'হনি' বুঝ্‌তে শিখেছে, বাটারফ্লাই (Butterfly) পেলেই উড়্‌বে,—যা তা করে হউক,—একটা বিয়ে থা না দিলেই ত' নয়

মালতী। দিনের মধ্যে ত' ছশো বার আমি ঐ কথা বলি, কাণে তে'ল কই ? ব'ড়ী বাঁধ' দিয়ে হউক যে ক'রে হউক, শীগ্‌গির একটা বিয়ে দিয়ে দাও।

ধুব দেখি, যা হয় একটা কর্‌তেই হবে, আর গা ঢেলে থাক্‌লে চল্‌বে না ফস্‌ করে বাড়ীটা বাঁধা দোব, তারপর

চল্‌বে কি করে? তুমিও যে বৃথায় যৌবনটা কাটালে, আমায় দেওয়া দুলোষ যাক্‌, নিজের একটা হিল্লে করেও যে বুঝ্‌তুম্‌ এখন চল ভেবে চিন্তে য হয় একটা কর যাক্‌

[উভয়ের প্রস্থান।

(সৌখিন পরিচারিকাগণের প্রবেশ)

গীত

ঝেড়ে পুঁছে তক্‌তকে ঘর করে রেখেছি।
বাসন মাজ', কাপড় কাচা, সে সব দায়ে বেঁচেছি॥
বাড়ীর কর্ত্তা হলেন 'মিষ্টার', গিন্নি এখন 'মিসেস',
কৃষ্ণ বিষ্ণু ছেড়ে দিয়ে, ভ'জতে পটু জিসেস,
(তাই) দুর্গা কালী শিবের ছবি টেনে ছিঁড়ে ফেলেছি।
(দেখ) 'ক্লিওপেট্রা' ভার্জ্জিন মেরি, ঘরের ওয়ালে
এঁটেছি॥
ছুরি কাঁটা হাতে নিয়ে, মিসেস্‌ খাবেন খানা,
মিষ্টার এসে, কাছে ঘেঁসে, তুলে দেবেন মুরগীর ছানা,
দেখে শুনে সঙ্গ গুণে, আমরা কতক শিখেছি।
(দেখ) অ্যাসিড দিয়ে, উল্কি তুলে সহুরে নাম
নিয়েছি

[সৌখিন পরিচারিকাগণের প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

নদের চাঁদের বাটী

নদের চাঁদ, নিতাই ও কানাই।

নিতাই ঢুকতে দেবেন না,- ঢুকতে দেবেন না,—ও ব্যাটাকে বাড়ীর চৌকাট মাড়াতে দেবেন না, ও সব নেমকহারাম লোকের মুখ দেখতে নাই।

নদের না হে না, তুমি বোঝ না লোকটা খুব হুঁসিয়ার, সব কাজে ওস্তাদ ফস্ করে তাড়ালে শেষে পস্তাতে হবে।

কানাই কি করতে হবে, আপনি মুখের কথা খসিয়ে বলুন,—দেখুন আমরা পারি কি না বেটা কিনা যার তার কাছে আপনাকে কলুর ছেলে বলে গালাগালি দেয়। আর ও ব্যাটার ঘর নেই, বাড়ী নেই "মেসে" পড়ে থাকে, এমন লোককে আপনি কি করে বিশ্বাস করেন? "যার পাটা নাই সেত' পাঁটা"

নদের কি জান, সত্যি কথা বলতে কি, বাপের এক ছেলে, অগাধ বিষয় হাতে পেয়েছি বটে, কিন্তু ভদ্রলোকের কাছে ঘেঁসতে আমার সাহস হয়না, হাজার হোক—জেতে ত কলু বটে।

নিতাই হলেনই বা বলু, আপনার যখন পয়সা আছে,—আপনি কুলীন ব্রাহ্মণের চোদ্দ পুরুষ কত বেটা মুচীর ছেলে জুড়ী হাঁকিয়ে বেরুচ্ছে, আজ বাদে কাল "রায় বাহাদুর' টাইটেল পাবে আজ কাল পয়সাতেই সব।

নদের দেখ, দেখ,—আমায় রায় বাহাদুর হোক, রাজা বাহাদুর হোক, যা হোক একটা টাইটেল যোগাড় করে দাও। শুনেছি নাকি চাঁদা দিলেই টাইটেল পাওয়া যায়,—আমি কিছু চাঁদা দিতে রাজী আছি।

কানাই তার আর কি, আপনি যখন পয়সা ছাড়তে রাজী,—আপনাকে কিনা করে দিতে পারা যায়? রায় বাহাদুর, "কে, সি, এস, আই" (K. C S. I.), এ সব তো পুরাণ হয়ে গেছে। আপনাকে এ (A) থেকে জেড্ (Z) পর্য্যন্ত টাইটেল দিয়ে দেব, ইংরাজী হরফের আর কোথাও কিছু খোঁচখাঁচ বাধবে না কিন্তু দেখুন, আপনি ঐ হরিহর ব্যাটাকে বাড়ী ঢুকতে দেবেন না, বেটা আপনাকে বলুর ছেলে ব'লে যার তার কাছে গাল দেয়।

নদের। দিলেই বা গালাগাল, আমার গায়ে ত' আর ফোস্কা পড়ছে না। আরও কি জান আমার একটা ভারি মতলব আছে, ওকে কিছুতেই আমি হাতছাড়া করতে পাচ্ছি না।

নিতাই কি ব্যাপারটা বলুন দেখি? ও ব্যাটাকে নিয়ে আপনার কি এত দরকার? ভাল মেয়ে মানুষ চাই? আপনি

টাকা ছাড়ুন, ক'ল্‌কাতা সহরের কোন্ বড় লোকের বাঁধা মেয়ে মানুষের সঙ্গে ইয়ারকি দিতে চান বলুন—আজ রাত্রেই আপনার—বৈঠকখানায় এনে হাজির করে দিচ্চি।

নদের। তা নয়,তা নয়,—আসল কথাটা কি জান? তোমায় খুলে বলি। বাপের এক ছেলে, নবলক্ষ টাকা হাতে পেয়েছি। কায়েত বামুনের ছেলেরা যেমন বোকা হয়,—বাবা; আমি কলুর ছেলে, তা নয়। বাপের বিষয় বাজে বরবাদে দেব, তা হবে না; তবে আমোদ-আহ্লাদ, ফুর্ত্তি টুর্ত্তি একটু আধটু চাই বৈকি? —সব পরিমাণের ভেতর সকল রকম দেখে শুনে হাড়ে হাড়ে বুঝেছি বাবা। ক'ল্‌কাতা সহরে জাত বল', মান বল, সম্ভ্রম বল', এক পয়সাতেই সব। জেতে গিলি "এক্স্, ওয়াই, জেড্ (x, y, z,)" পয়সা থাক্‌লে তিনিও কায়স্থের সঙ্গে এক পুংক্তিতে বসেন, সেই পয়সা যথেষ্ট হাতে আছে বটে, কিন্তু বাবা কলুর ছেলে ব'লে গাল দিতে কোন শালা ছাড়ে না তোমরাও মনে মনে দাও, তবে প্রত্যাশী,—সাম্‌নে কিছু বল' না আমি ঐ হরিহরকে দিয়ে এমন একটা কাজ করাব, যাতে কায়েত-বামুনের সমাজ পর্য্যন্ত আমায় মাথায় ক'রে রাখে।

কানা। কি রকম—কি রকম?

নদের। হরিহরের এক কাকা আছে জান?

কানা। হ্যাঁ, জানি—জানি।

নিতা ও বেটার আবাব কাকা কে হে? কৈ, আমি ত' কি
শুনিনি।

কানা জান না? ঐ যে ধুরন্ধর পাকড়াশী,—নাম শোন নি
তাদের অবস্থা মন্দ নয়। পাকড়াশীর মাগ আবা
নভেল লেখেন; তিনি আবার একজন অনারারি ম্যাজি
ষ্ট্রেট। সেই যে হে, যার কাছে আমবা একবার, থেপ
কেসে (Theft Case) পড়েছিলুম। ব্যাটা গোড়া
ভারি তাড়া দিয়েছিল অনেক কষ্টে আমরা এলিবা
প্রুভ (Prove) করে, সে যাত্রা রক্ষা পেয়ে আসি
তাঁর নামে স্কোয়ার (Esqr) বলে না লিখলে, তিনি সে
চিঠি অ্যাক্সেপ্ট (accept) করেন না। তার একট
মেয়ে আছে, বড় খাপসুরত বাবা। মেয়েটা ঘোড়
চড়ে, বাইসিকেল চড়ে ইডেন্ গার্ডেনে হাওয়া খেয়ে
যায়

নদেব তুমি সব জান দেখ্‌চি তবে পেটের কথা ভাঙ্গি শোন
মিঃ পাকড়াশীর সেই মেয়েটাকে আমি বিয়ে ক'র্‌বো।

নিতা বলেন কি? তারা হ'ল বামুন, আপনি কসু,—শ্রীবিষ্
সূর্য্য বংশধর, আপনার সঙ্গে পাকড়াশীর মেয়ের বিয়ে
হবে কি করে?

নদে পয়সায় সব হয় বাবা! আমি জানি, টাকার লোভে
বামুনেব ছেলে বাগ্‌দীর মেয়েকে বিয়ে ক'রেচে আর
শুন্‌লুম, মিঃ পাকড়াশীর অবস্থা এখন বড় ভাল নয়
চাল বাড়িয়ে ফেলেছে, আর জুড়ং রেখে

এ দিকে মেয়েটীর বিয়ে না দিলেই নয়—বয়স প্রায় আঠার উনিশ হ'য়েছে জোয়ান বয়েস, কবে কি ক'রে ফেল্‌বে, কর্ত্তা গিন্নী ভারি ভাবিত হ'য়েছেন। ওরা নাগেই বাম্‌ন অনেক কাল পৈতে ফেলে দিয়েছে ওদের ক্রিশ্চান বল বেহ্ম বল—সব দলেতেই আছে জাত, টাত ওরা মানে না এই খাঁক্তির সময় আমি যদি হাজার দশেক টাকা নগদ, আর তিনশ টাকা ক'রে মাস হারা বন্দোবস্ত ক'রে দি, ব'প্‌ বাপ্‌ ব'লে আমার সঙ্গে বিয়ে দেয় মিঃ পাকড়াশীর মেয়ের সঙ্গে বিয়ে হবার পরই আমি সাবর্থী পদবী উল্‌টে, মিঃ পাকড়াশী পদবী বসিয়ে দেব, কারণ আমার অথরিটী (authority) আছে। ("যস্য কন্যা বিবাহিতা স পিতা।") মিঃ পাকড়াশী হরিহরের কাকা তাই হরিহরকে হাতে রাখ্‌তে চাচ্ছি,—হরিহরের মারফৎ এই কাজ শেষ ক'র্‌ব

কামা। মতলব ঠাউরেছেন মন্দ নয় নেপোলিয়ানের মতন মাথা খেল্‌লিয়েছেন। এ কাজ য'দি কর্‌তে পারেন, কন্দু নাম ঘোচানত' সোজা কথা; শর্‌মের চাষ অবধি ভারত-বর্ষ থেকে উঠে যায়

নিতা। কিন্তু হরিহর বেটা ওদঁাজের লোক নয় বেটার টুক্‌নি নেই "মেসে" (mess), পড়ে থাকেন, কিন্তু আমিরী চাল টুকু আছে। এ সব কথা আপনি প্রোপোজ (Propose) কর্‌বা মাত্রেই, মুখের উপর চোট্‌পাট্‌ শুনিয়ে দিয়ে যাবে।

নন্দে । তার আর বেশী কথা কি ? সেই দিন থেকে তারও বাড়ী ঢোকা বন্ধ দরওয়ানকে ব'লে দেব, বাড়ীর সাম্‌নে দিয়ে গেলে, কাণ পাক্‌ড়ে নিয়ে এসে, আচ্ছা ক'রে রদ্দা দিয়ে ছেড়ে দেবে

কানা তা সে যা হোক, আপনার লাইফ ইন্‌সওরের (Life insure) কি হবে ? আমায় আশ দিয়ে রেখেছেন অনেক বেটা দালাল আনা গোনা ক'চ্চে, তাদের খোসামুদিতে ভুলে যাবেন না আর দেখুন, আপনার লাইফ ইন্‌সিওরে (Life insure) তে লাভ আছে টিপারার রাজা দশ লাখ লাইফ এন্‌ডাউমেন্ট (Life endowment) করেছে মহারাজা অব্‌ দারভাঙ্গা (Moharaja of Darbhanga) পঁচিশ লাখ, নিজাম অব্‌ হায়দ্রাবাদ পঞ্চাশ লক্ষ আপনিও বড়লোক আপনি কেন কর্‌বেন না মাসে মাসে কিছু কিছু চোখ কান বুজে ফেলে দিন আপনি দশ বৎসর বাদে চান, বিশ বৎসর বাদে চান,—একেবারে থোক টাকা হাতে পাবেন , তবে যত সময় অল্প হবে, তত টাকা কিছু বেশী লাগ্‌বে আপনি দু'লাখ টাকার, টোইণ্টি ইয়ারস্‌ এন্‌ডাউমেণ্ট (Twenty year's endowment) করুন। মাসে কত পড়বে বল্‌ব , আমার পকেটেই সব পার্টিকিউলার্স (Particulars) আছে।

নন্দে থাক্‌ থাক্‌, এখন থাক্‌ তুমি যখন আমার কাছে এসে জুটেছ বাপু, তখন একেবারে নৈরাশ্য ক'রব না, কিছু পাইয়ে দেব। তবে এখন দালালী করতে এসেছ.

তখন সব রকমের দালালি কর্‌তে হবে, তা তোমায় স্পষ্ট বল্‌চি

কানা। যে আজ্ঞে, যে আজ্ঞে! তা' দেখুন, যে ভদ্র লোকের ছেলে দালালি করে, তার সব রকমের দালালি জানা থাকে। তিনি ভুষির দালালি কর্‌লে যে মেয়ে মানুষের দালালির খপর জান্‌তে হবে না, তার কিছু মানে নাই, তবে যতটা আবরু ক'রে বেড়ান যায়

নিতা। আর এ সার্‌ভ্যাণ্টের (Servant) ও পিটিসন্ (Petition) টা ভুলবেন না যদিও আমি উকীলের বাড়ী চাকরী করি বটে, কিন্তু আমার এক মাষ্টার নয়, আমি তিন চার মাষ্টারের আণ্ডারে (Under) কাজ করি ;- আর আপনি এক মাষ্টার, আপনাকে নিয়ে পাঁচ হ'ল। দিন দিন একটু ফুট্ ডাষ্ট্ (foot dust) দিন।

নদে। এ কোথাকার পাগল লোক হে?

নিতা খান, খান,—একটা পান খান! আমার সব মাষ্টারই আমার হাতে পান খান,—তাতে লজ্জা নেই

[হরিহরের প্রবেশ]

নদে। আরে এস মিঃ হরিহর! গুড্ ইভনিং। (good evening)।

হরি। গুড্ ইভনিং। (Good evening) কেমন আছেন?

নদে। কই আর আছি দাদা, বেঁচে থাকা একটা বিড়ম্বনা মাত্র পয়সার গাদায় পড়ে আছি, প্রাণে সুখ নেই।

হরি ও কি কথা বলেন,—মানি,মানি, মানি, ব্রাইটার দ্যান সন্ সাইন্, সুইটার দ্যান হনি (*Mony. Mony,* Mony,—Brighter than sun shine sweeter than honey.) আপনি একজন মানিড ম্যান, আপনার প্রাণে সুখ নাই, তবে আমরা অভাগা আমাদের প্রাণে কি সুখ আছে ?

নদে আর দাদা, ভদ্র সমাজে মিশ্‌তে পারি না, টাকা নিয়ে কি পরকালের সাক্ষী দেব ?

হরি। আচ্ছা, ও সকল কথা কইটি। এখন সেই উইক্লি (Weekly) কাগজটা বের করবার কি হবে বলুন দেখি ? দেখুন আমার ফাণ্ড্ (Funds) নেই এনার্জি (Energy) খুব আছে। আপনার সঙ্গে সেই ইডেন্ গার্ডেনে আলাপ হয়, কথা বার্ত্তায় বুঝেছিলাম আপনার লিটারেচারে (Literature) একটু টেষ্ট (Taste) আছে আর আপনি আমায় প্রোপোজ (Propose) করে ছিলেন, একখানা উইক্লি নিউজ্ পেপার (Weekly News Paper) ষ্টার্ট (start) করবেন। তাই যখন তখন এসে আপনাকে ডিসটার্ব (disturb) করি আর ইউ সিরিয়াস্ ? (Are you serious) ? তা যদি হয়, ১৫ই জানুয়ারি থেকে কাগজ খানা বার করা যাক আসুন আমার এত আগ্রহ কেন জানেন ?— আধুনিক কাগজওয়ালা বাবুদের ভণ্ডামি সব ভেঙ্গে দি। খালি পর চর্চ্চা, পর নিন্দা নিয়েই আছেন।

নদে বেশত, বেশত আপনি লাগুন না, আমি আপনাকে টাকা এড্‌ভান্স (advance) কর্‌ব' একটা কথা জিজ্ঞাসা করি, আপনি মেসে থাকেন কেন ? আপনার কাকা মিঃ পাকড়াশী একজন বর্দ্ধিষ্ট লোক, আপনার কাকী নভেল লেখেন, বাজারে খুব নাম সম্ভ্রম, আপনি তাদের সঙ্গে একত্রে থাকেন না কেন ? মেসে থাকাটা কি খুব অনারেবল্ (honorable) ?

হরি সে কথা আব কেন বলেন ? আমর পাড়াগেঁয়ে লোক, লেখা পড়া শিখ্‌তে কল্‌কাতায় এসেছি, মাসে মাসে বাবা সাধ্যমত কিছু টাকা পাঠান, তারই ভেতর সব দিক ম্যানেজ্ (Manage) কর্‌তে হয়। আমার আবার একটা বাই আছে, জানেন, ইংরাজী হোক, বাঙ্গালা হোক, কারুর একখানা ভাল বই বাজারে বেরুলে, আমি কিনে নিয়ে এসে পড়ি আমি কারুর ঠেঁয়ে বই চেয়েও পড়ি না, কাউকে পড়্‌তেও দিই না, কারণ বন্ধু বান্ধবের মধ্যে লেন দেন যত কম হয়, ততই ভাল।

নদে। তা আপনিত' ; আপনার কাক মিঃ পাকড়াশীর সঙ্গে অনায়াসে থাক্‌তে পারেন, আপনার খরচ পত্র লাগে না।

হরি আজ্ঞে আমি দুরন্ত লোক, আমার সঙ্গে তাঁর বনে না। আমার বামুনের হাতের ভাল ভাত ডাল্ লাগে। বাবুর্চ্চির রান্না, ফাউল ক্যারির গন্ধে আমার ন্যাকার আসে। আর আপনি জানেন না, মেসে থাকায় অনেক রকম

মজা আছে, নিথরচায় মেয়ে মানুষ পাওয়া যায় যে-সব চাকরাণী গুলি সব কাজেই আসে খালি ছুটি ক'রে মাছের ডিম খাওয়াতে হয়, আর লুকিয়ে ছিলিম দু'চার অম্বুরি তামাক, তা হলেই সে বেটী তোমার সপ্‌ড়িও নে'ব মশারিও খাটিয়ে দেবে

নদে আপনি ঠাট্টা কচ্চেন, আপনি সে প্রকৃতির লোক নন তা সে যা হক্, আপনাকে আমার একটী অনুরোধ রাখতে হবে। আমি স্থির করেছি, একটা বড় ঘরে বিয়ে কর্‌বো, যত টাকা খরচ হয় আপনার কাকার নাকি একটী পরমাসুন্দরী মেয়ে আছে আমি হাজার দশেক টাকা নগদ দিচ্চি, আর কিছু ক'রে মাসহারা বন্দোবস্ত ক'রে দিতেও রাজী আছি, আমার সঙ্গে মেয়েটীর বে দিক্ মিঃ পাকড়াশী তো আর জাত টাত মানেন না, পৈতে টৈতে ত অনেক দিন ফেল্‌ে দিয়েছেন শুনলুম, আর তাঁর অবস্থাও না কি তেমন বড় সুবিধার নয়, ভড়ুং ভেঙ্গে আস্‌চে এই বিয়েটার উপলক্ষ করে, আমায় আপনাদের সমাজে মিশিয়ে নিন্ আপনাকে ফ্রেণ্ড (friend) বলেছি, এই উপকারটী করুন, আমাকে মানুষ করে দিন

হরি "মিঃ সাধব", নেহ'ত কলুর বুদ্ধিত' তোমা'র নয় বা'বা'; চাল চেলেছ মন্দ নয় কাকার আমার খাঁক্তিন মহাজ লাগ্‌তে পাবে কিন্তু বাবা, এ কাজ আমার দ্বারায় হবে না।

নদে। কেন, কেন ?

হরি তা আর তোমার শুনে কাজ কি? একটা আক্কেলের কথা শুনে চমকে গেছি বলছিলুম, আপনি—মশায় একেবারে বল্লুম তোমার যাই হোক, আজ থেকে গুড্ বাই (Good bye) বাবা, আর আমি আসচি না যদি কখন কাগজ বের কর্‌বার সখ হয়, আমায় ডেকে পাঠিও, আমি আস্‌ব

কানা। দেখ্‌লেন, দেখ্‌লেন? কেমন আপনার মুখের উপর ক্যাট্‌ ক্যাট্‌ করে শোনালে। বলেছিলুম ব্যাটাকে বাড়ী ঢুক্‌তে দেবেন না

নিতা। দেখ বাপু তুমি আর এসোনা, অপমান হবে

হরি বলি নিরাপদে স ধর্‌যাঁ বাবাজীকে ভোগ দ... চাও তো? তা এইবার থেকে কর, ... আস্‌চি না

... মিঃ হরিহর বাবু চট্‌চো কেন?

কানা। যেতে দেন, আর আত্মীয়তায় কাজ নেই ব্যাটা বেগার (Beggar)

হরি। ম'শায় কি হিজ অনার দি লেফ্‌টেনেণ্ট গভর্ণর (His Honor the Lieutonant Governor) না কি? আর কেন ভোগাচ্চ বাবা, আমি বিদেয় হচ্চি। গতিক বড় সুবিধের নয় মিঃ সাধর্‌যাঁ। যে দুটী রত্ন যত্ন করে রেখেছ, ভদ্রাসন শীঘ্রই খাঁ খাঁ কর্‌বে

[হরিহরের প্রস্থান।]

কানা কেন আপনি ও ব্যাটার খোসামোদ কচ্চেন? দশ হাজার টাকা দিয়ে, মাসহারা বন্দোবস্ত করে একটা কুড়ি

বছরের মেয়েকে বিয়ে কর্‌তে চাচ্চেন (Second hand) সেকেণ্ড হ্যাণ্ড কিনা তারই বা ঠিক কি? ও সব মতলব ছেড়ে, দিন, আমি আপনাকে খাসা খাসা মাল দেখাব

নিতা। তুমি বুঝ্‌চ না হে. সে স্মার্ট ঘোড়ায় চ'ড়ে বাই-সিকেল করে গড়ের মাঠে হাওয়া খেতে যায়; বাবুজি বেড়াতে গিয়ে দেখে প্রাণে ফ্যান্সি (fancy) নিয়ে এসেছেন আপনার যদি ঐ রকম টেষ্ট (Taste) হয়, আমি আপনাকে থিয়েটারের অ্যাক্‌ট্রেস্‌দের কাছে বেড়াতে নিয়ে যাব আপনি দেখ্‌বেন, যেমনটী চান, ঠিক তেম্‌নিটী আপনি একটা ঘোড়ায় চড়া দেখে মোহিত হয়েছেন, তারা একেবারে ৬টা ঘোড়ায় চড়ে

[illegible] চল, একদিন বেড়াতে যাই কিন্তু পাক্‌ড়াশীর মেয়েটাকে ছাড়া [illegible]ন' বাবা। সব শালা কলুর ছেলে বলে, সে কলঙ্ক ঘোচাতে হবে। (কানাইএর প্রতি) তোমায় একবার পাক্‌ড়াশীর কাছে পাঠাব টাকার লোভ বড় লোভ

[সকলের প্রস্থান।]

তৃতীয় দৃশ্য।

মিঃ পাবৃভাশীর বাটীর বাবুর্চ্চিখানার সম্মুখস্থ কম্পাউণ্ড।

(বাবুর্চ্চি বালকগণের প্রবেশ।)

গীত

বাবু তাজা চিজ বহুত মজেদার।
আইয়ে জানিকা সাথ, নেহি বাতিকা বাত,
দেখলেও খানসামা ক্যায়সা হুঁসিয়ার ॥
যো কুত্তেকো বড়ালাট গুলি কিয়া,—
উস্‌কো টেংরি লায়া, মটন চপ্ বানায়া,
আধা তোম ছিন্ লেও, আধা জানিকো দেও,
কিস্‌মিস্ হোগি গুলজার ॥
গলিকা বিচ্‌সে বিল্লি চুমা, ওমদা কাট্‌লেস্ ভুনা,
পিস্-দো আনা বাঁবু দো আনা,
আইয়ে রাজা উঠাইয়ে মজা,—
নেহিত' জানি তেরা হোগি বেজার॥
সাব্‌কা টিফিন্‌কা ফাউল, বনি কারী মজ্‌গুল,।

কেয়াবাৎ মসেলা, পিঁয়াজ লায়হুন কুল,
আচ্ছা ডিস্ খাতি পুঁটি মিস্,
জল্দি লিয়ে পিছে মিল্নে ভার।
খানেসে করোগি সামার সম্মার।

[সকলের প্রস্থান।

(মিঃ পাকড়াশী, মালতী ও কানাইএর প্রবেশ)

পাক কত টাকা দিতে চাচ্চে? কত টাকা দিতে চাচ্চে।

কানা। কম জগ দশ হাজার, হার্ড ক্যাস (hard cash)। তা ছাড়া মাসোহারাও কিছু বন্দোবস্ত ক'রে দিতে পার্‌বো।

পাক কে, কে, লোকটা কে,—লোকট কে?

মাল। অ'ঃ দূর ছ্যাকা মিন্সে, থাম্ টাকার নাম শুনে লাফিয়ে উঠেছেন। আমি ঠিক্ ঠাক্ করে জিজ্ঞাসা করি, দাঁড়া।

পাক কেন, দুখানা নভেল লিখেছ বলে, তুমি আমার চেয়েও পণ্ডিত নাকি? আমি ভদ্রলোকের সঙ্গে কথা কইতে জানি না? জান—আমি লেফটেন্যাণ্ট্ গভর্ণরের (Lieutenent Governoı) সঙ্গে সেক্ হ্যাণ্ড (Shake hand) করি?

কানা যরাযরি বাগড়াটা আমি বিদায় হবার পর কর্বেন আমার টাইম (Time) ভ্যালুয়েবেল্ (Valuable), আমি বেশিক্ষণ থাকতে পার্‌বো না।

মাল আপনার বাবুর নাম কি? কি করেন?

পাক তোর নভেল লেখার নিকুচি করেছে টাকার কথাটা আগে জিজ্ঞাসা কর্‌না। নাম ধামে ত' আর টাকা আস্‌বে না

মাল জাতে যদি মুচী হয়,—টাকার লোভে তার সঙ্গে মেয়ের বিয়ে দিতে হবে নাকি? সব পরিচয় আগে নেবো না?

পাক বলি আজ জাতের মর্য্যাদাটা হঠাৎ প্রাণে চাগাড় দিয়ে উঠ্‌লো কেন? জাত বিচার তো অনেক দিন মুর্গীর সঙ্গে বয়েল (Boil) করে খাওয়া গিয়াছে

মাল মাথার উপর টিক্ টিক্ কর্‌বে তো মার্‌বো শ্লিপার খুলে স্যাভেজ ব্রুট, (Savage! Brute)

কানা মা ঠাকরুণ, বর্ণবর্ণণী মুর্ত্তিটা ঘরের ভিতর খিল দিয়ে ধর্‌লে ভাল হয় শম্ভু নিশম্ভুর স্পিরিট (Spirit) না থাক্‌লে ও মুর্ত্তির বহর সামাল দেওয়া যার তার কর্ম্ম নয়

মাল। দেখুন, আমি যা ক'র্‌ব', তাই হবে আমি যা ভাল বুঝ্‌বো, ও মিন্সের কাণ পাকড়ে তাই করাব' না শোনে, আপনার সাম্‌নেই পটাপট্ শ্লিপার চালাব

কানা মিষ্টার পাকড়াশী, আপনার খুব জোর বরাত দেখ্‌চি। আপনার ওয়াইফ (Wife) এর প্রিটোরিয়ায় (Pretoria) জন্ম নয় তো? নইলে এমন ব্যোরের স্পিরিট কোথা হতে পেলেন?

পাক। যাক্ যাক্,—আপনার বাবুজি কি জাত?

কানা আজ্ঞে তা বড় মন্দ নয়, সূর্য্যবংশধর, অর্থাৎ কলু

মাল কলু? ও গড্. (Oh God) টাকার লোভে কলুর সঙ্গে মেয়ের বে দেব? আপনি যান যান আমি ব্রাহ্মমতে আমার মেয়ের বে দেব, টাকা কড়ি কিছু লাগ্‌বে না।

পাক মাই ডিয়ার (My Dear) এমন্ ফেয়ার চান্স্ (Fair Chance) কেন ছাড়্‌চ'? দশ হাজার টকা হার্ড ক্যাশ (Hard Cash) আর একটা হ্যাণ্ড সম্ (Handsome) মন্থলি অ্যালাউয়েন্স। (Monthly Allowance) জিবনট বেশ কেটে যাবে

কান মজায় থাক্‌বেন, মজায় থাক্‌বেন লর্ড সলিস্‌বরির মত পায়ের উপর পা দিয়ে ব'সে কাটাবেন আর বাবুজি, জাতে কলু হ'লে ও চেহারায় যেন ক'নের কার্ত্তিক, তবে ময়ূরটা উড়ে গেছে, মাথার পাগ্‌ড়িটা হারিয়ে গেছে আপনার মেয়ের অপছন্দ হবে না।

মাল আপনি তে জানেন না, বর্ত্তমান সমাজের অবস্থা বড় শোচনীয় কলুর ছেলের সঙ্গে আমার মেয়ের বে হ'লে, আত্মীয় কুটুম্বের কাছে মুখ দেখাতে পার্‌বো না।

পাক বলি এখন মুখ দেখিয়ে ক'চ্চ কি? কেউ কিছু দিচ্চে? এক এক ক'রে ভাড়া বাড়ীগুলি সেরিফ সেলে (Sheriff sale) উঠ্‌ছে; আর আত্মীয় কুটুম্ব সব আধা কড়িতে কিনে নিচ্চেন। তার বেলায় কেউ মুখ চাচ্চেন কি? আর কেন ভোগাচ্ছিস্ বাবা, আমারও সচ্ছল হবে, তোরও নভেল লেখার সুবিধ হবে। কতকগুলো নূতন ক্যারেক্‌টার (Character) পাবি

মাল সব মিন্সে, বড বাড় দেখ চি যে? আমার কথার উপর কথ? বড় টাকার আম্বা নয়? জুতিয়ে লম্বা করে দেব।

কানা তা মন্দ হবে না অনেক ফাউল কারি খেযে দেহখানি বেশ স্থূল হয়েছে, ঘা কতক জুতোতে তোফা মসৃণ হ'যে যাবে

পাক আপনি ওমাগীর কথা শুনবেন না; আসুন, আমার সঙ্গে আসুন আমার ড্রয়িং রুমে (Drawing room) নিযে যাই, সেইখানে সব কথা হবে এ বিয়ে আমি যেমন করে হ'ক, দেবই দেব

কানা তাই চলুন আপনার গৃহিণীর স্লিপারের কাছে চাচ্চি আর আমার ইন্‌স্পেক্টার সাহেবের বে ওয়ারিস কলের গুঁতো মনে প'ড়চে দুইই সমান,—মারাত্মক হ'ল। ট্যা ফোঁ করবার যো নাই

[মিঃ পাকড়াশী ও কানাইএর প্রস্থান]

মাল মিন্সে করে কি গো,—সত্যি সত্যিই কলুর ছেলের সঙ্গে মেযের বে দেবে না কি টাকাটা অনেক দেবে ব'লচে। মরুকগে যাক্ সত্যি সত্যিই যদি এ কাজ করতে হয়, তবে নগদ দশ হাজার টাকার একটী পয়সাও মিন্সের হাতে দিচ্চি না

[ফুলকুমারীর প্রবেশ]

ফুল কু মাম্মা, মাম্মা (Mamma Mamma.) আমার না কি বিয়ে হবে?

ঘোমটা টেনে, ঘরের কোণে, থাকবো পড়ে আমি।
রোজ সকালে কাজে চ'লে, যাবে আমার স্বামী॥
ভাঁড়ার ঘরে, চুপি সাড়ে, কুটনে কোটা কাজ
সাজ্‌বো পান ভাঙ্‌বো ধান, মাথায় পড়ুক বাজ॥
ওমা কোথায় যাব', কারে কব লাজে ম'রে যাই।
লালদিঘীতে, হাত পা বেঁধে দাওনা ফেলে ছাই॥

মাল কোথাকার খ্যাপা মেয়েরে তুই, চিরকাল আইবুড়ো থাক্‌বি? তোর বিয়ে হবে না?

ফুল-কু বিয়ে, বিয়ে ওমা সে কি? -তা আমি পারবো না।
ফাঁসী পরে, দাসী হ'বে, ধরা আমি দেব না.
এমন মার্বেল নীল কেমন সুবাস,—
ঐ দেখ, দেখা যায় অনন্ত আকাশ।
কচি কচি ঘাসগুলি ইডেন্ গার্ডেনে,
ললিত প্রকৃতি লীলা ধরে না কি মনে?
দাসী হব? বাঁধা দেব সাধের জীবন?
আফিং খাইয়া, দিব আত্ম-বিসর্জ্জন.
তুল'না তুল'না "মাম্ম' পরিণয় কথা,
খান খাওয়া ছুরি দিয়ে কেটে দিব মাথা

গীত

জানি নি ছলা কলা—একি জ্বালা, আমার আবার
ম্যারেজ।
দাসী হ'যে, ফাঁসী প'রে, বিলিয়ে দেবি করেজ।

ফুল দেখে প্রাণ আকুল হয়,
প্রাণে প্রেমের তুফান বয়,
খার্ কপালে, ডিয়ার ব'লে, ডাক্‌বে কলু স্যাভেজ্।
ডুব্‌বো গিয়ে, লালদিঘীতে, ঘাড়ে নিয়ে লগেজ্।

(প্রস্থান)

মাল মিন্সেকে বরাবর ব'লে আস্‌চি, মেয়েটাকে অত ক'রে স্বাধীনতা দিও না এখন বস বুঝেছেন। মেয়ে আবার নেচারের (Nature) শোভার বর্ণনা শিখেছেন দে মিন্সে দে কেমন ক'রে সামাল দিবি এখন দে।

(হরিহরের প্রবেশ)

হরি হ্যাঁ কাকী এসব শুন্‌চি কি? তোমরা নাকি টাকার লোভে, একটা কলুর ছোঁড়ার সঙ্গে ফুলকুমারীর বিয়ে দিচ্চ'? এত মানে কবি তোমাদের কথায় থাকবো না, কিন্তু একটা সংবাদ র'য়েছে, চুণ কালী শুধু তোমাদের গালে প'ড়্‌বে না আমরাও বাদ যাব না।

মাল আমি কি ক'র্‌ব বাছ তোমার কাকাই এই সব কীর্ত্তি কোচ্চেন। টাকা টাক ক'রে একেবারে লাফিয়ে উঠেছেন

হরি তুমি লেখা পড় জান, খানকতক বই লিখেছ', বাজারে নাম আছে, কাকাকে বুঝিয়ে সুঝিয়ে নিরস্ত কর'না। আমি সে কলুর ছেলেটাকে খুব জানি,—তার নাম নদেরচাঁদ বাপের এক ছেলে। অনেক টাকা হাতে,

পেয়েছে, ছেলেটা বড় বোকা নয় তার বিশ্বাস কল্‌কাতার সহরে টাকাতেই সব অনেক টাকার মালিক হ'য়েও ভদ্র সমাজে মিশ্‌তে পারে না— এই তার ভারি দুঃখ তাই মতলব করেছে যত টাকা খরচ হোক, সুরকুমারীকে বিয়ে ক'র্‌বে আর এই উপলক্ষে পাঁচটা ভদ্রলোকের সমাজে মিশ্‌বে দোহাই কাকী এ কাজ করন ধরে বেঁধে মেয়েটাকে জলে ফেলে দিওনা। যে টুকু নাম সম্ভ্রম আছে, সেটুকু ডুবিও না

মাল আমার কি সাধ বাছা তোমার কাকা টাকার হুণ্ডি পেয়ে একেবারে ফেঁপে উঠেছেন

হরি কাকী, সে কলুর ছেলে ঘানিগাছ ঘুরিয়ে পয়সা মেপে শোধ নেবে এটুকু মনে রেখ'

মাল তা বাছা, তুমি দাঁড়াও তোমার কাকাকে ডেকে দিচ্ছি, তার সঙ্গে কথা কয়ে যাও

হরি আর কাকার সঙ্গে কথা কইতে হবে না কাকীর কথাতেই ভাব মালুম পেয়েছি তোমরা অনেকটা এগিয়েছ দেখ্‌চি তা দেখ, একটা ভাল পরামর্শ দিয়ে দি দশ হাজার টাকা যা পাবে,—আট হাজার টাকার ত' তুমি গয়না ক'র্‌বে ইংরাজের দোকান টোকান থেকে কিন না বেচ্‌বার সময় আধা কড়িতে বেচ্‌তে হবে কর্ণওয়ালিস্ ষ্ট্রিটে অবিনাশ ঘোষের জুয়েলারী সপ (Shop)• আছে, যা গয়না গড়াবে তার কাছ থেকে গড়িও লোকটা ধর্ম্মভীরু, চুরি

জুচ্চুরি জানে না, দু দিন বাদে ত' বেচ্তেই হবে, পাপের কড়িত' আর থাক্‌বে না, অল্প সল্প বাদ সাদ দিয়ে সেইই নেবে, আর কোথাও এমন সুবিধা পাবে না

মাল কি বল বাছা, আমার এখন মাথা ঘুরচে!

হরি বল কিগো, মাথা ঘুরচে? ফিট্ টিট্ হবে নাত? তুমি লেখ পড়া শিখেছ কিনা? তাই ভয় হয় তা দেখ? এখন দিন কতক মাথ ঘুরবে, লোকে মেয়ের বে দিয়ে সর্ব্ব স্বান্ত হয়, তোমর থোক্ থাক্ কিছু পাচ্চ', মাথাটা একটু চল বেচল হবার কথা বটে

মাল ত' বাছা তাই এখন যাই, তোমার কাবার আবার ডিনার (Dinner) খাবার সময় হয়ে এল', আমি আর থাক্‌তে পারি না

[প্রস্থান]

হরি বাহবা কাকী তো মায় চেনা দায় টাকার লোভে তোমারও মন টলেছে যাই হোক, প্রাণ থাক্‌তে একাজ ক'র্‌তে দেওয়া হবে না বলুর ছেলের সঙ্গ এখন ছ'াড়া হ'চ্চে না। বেটার সাথে এখন ত দিন কতক মিশে থাক্‌তে হবে তাকে তাকে থাকি সন্ধান রাখি, বিয়েটা পাকাপাকি হ'য়ে এলেই যেমন করে হ'ক বাগড়া দিতে হবে

[প্রস্থান]

(ফুলকুমারীর সহিত সমপাঠী বালিকাগণের প্রবেশ।)

গীত

ওলো সাম্‌লে খেল, ফেল টেনিস্ বল্ ।
নারীর বাহুবল, দেখুক ওয়ান এণ্ড অল্ ॥
হানি নয়না বাণ, হাসির ফাঁসিতে বাঁধি প্রাণ,
সাপিণী বেণী চুলে, প'ড়্‌বে ঢলে,
যাবে ভেসে চ'লে যৌবন জলে !
জল উজান ঢলে, টল্ টল্ টল্ ।

[সকলের প্রস্থান]

চতুর্থ দৃশ্য ।

মোহিনীর বাটীর কক্ষ

মোহিনী ও নিতাই ।

মোহি আপনি ভদ্রলোক, বাড়ী ঢুকেছেন আপনাকে অপমান ক'র্‌তে পারি নি, কিন্তু ও সব কথা আমার সাম্‌নে আর মুখে আন্‌বেন না আমি একজনের রক্ষিতা, আর কাউকে ঘরে বস্‌তে দিলে বেইমানি করা হবে

নিতা সোনার চাঁদ কেন আর বিড়ম্বনা ক'চ্চ ? তুমি থিয়ে-বেব অ্যাক্ট্রেস (actress) কিনা,—মেছোবাজার,সোনা-গাছিব খানকিদেব মতন দু দশ টাকায় টল' না,"মাবি ত' হাতী, লুটি ত' ভাণ্ডার " তোমাদের বনেদি চাল কিনা তা দেখ, নেহাৎ ভাসা কাপ্তেন ঢোকাচ্চি ন, থোক্ থাক্ কিছু পাবে বাবু গাড়ীতে আছেন, বারাণ্ডায় বেরিয়ে জুড়িব বহবটা দেখ,তা হ'লেই বুঝ্‌তে পার্‌বে

মোহি যুড়িই হোক, আর চৌঘুড়িই হোক, ওসব ঢেব দেখেছি আমবা খান্‌কী হ'লেও, আমাদেব বাড়ীর চাল ও বকম নয়

নিতা আর কেন যন্ত্রণা বাড়াচ্চ মণি। তোমাব ম কোথায় ডাক তিনিই ত' তোমার সোনার কাটী রূপোর কাটী, তাঁব সঙ্গে আমি কথা কচ্চি।

মোহি আমি কি কচি খুকীটী নাকি ? •মা, দুধ টুকু খাইযে দিলে তবে খাব ? আমি নিজে যা ভাল বুঝি কবি, আমাব চ'খে না ভাল লাগ্‌লে, সে লোককে ঘরে বস্‌তে দিই না গতব সুখে থাকুক, আমার যা গুণ আছে, তাই যথেষ্ট আমি লোক বসাবার পিত্তেশ কবি না

নিতা শুনতুম বটে বাবা, আজ চক্ষে দেখ্‌লুম থিয়েটারের মেয়েমানুষ এক চিজ বটে,তবে কি নেহাত ফেবাবে নাকি ?

মোহি ভদ্রলোক বাড়ীব দোবে এসেছে, একেবারে ফেবানটা ভাল হয না আচ্ছা নিয়ে এস, কে বাবু দেখি তিনি, কি আমায থিয়েটাবে সাজ্‌তে দেখে মোহিত হয়েছেন নাকি ?

নিতা   তোমাদের উপর যে মোহিত হয়, সেত তোমাদের সাজ দেখেই হয়, স্বরূপ চেহারা দেখ্‌লে অন্নপ্রাশনের ভাত উঠে আসে

মোহি   তা ত' বুঝেছি, তবে এ ঝক্‌মারি করা কেন?

নিতা   সে উত্তর আমি দিতে পারব' না চাঁদ   কর্ম্ম কর্ত্তাকে ডেকে নিয়ে আস্‌ছি, দু'জনে বোঝ পাড় ক'র   আহা বাবুজি আমার গাড়ীর ভেতর ব'সে শীতে কালিয়ে গেলেন

[নিতাইএর প্রস্থান,]

মোহি   থিয়েটারের ষ্টেজ বড় জবর বাবাও দেখ্‌চি, এই চেহারায় ত' লোক পড়ত হয় খুব গম্‌গমে ঘুড়ি ক'রে এসেছে বটে, লোকটা কে? কোন বড় লোকের ছেলে, তার আর সন্দেহ নাই   কম্‌ করে আমল দেওয়া হবে না, গুরুর নিষেধ   দূর, ছাই, ন   কথ্‌লো, বাবুদের পছন্দ হয় না

(নদের চাঁদ, ও হরিহর ও নিতাইয়ের প্রবেশ)

আসুন, আসুন, বসুন। আপনারা বড়লোক, আপনাদের উপযুক্ত স্থান আমাদের বাড়ীতে নাই

হরি   ওকি একটা কথা হ'ল চাঁদ   বড় লোকের ছেলের যদি কোথাও স্থান থাকে তা তোমাদের বাড়ীতেই   পৈতৃক সম্পত্তি তোমাদের বাড়ীতে যেমন নিরাপদে গচ্ছিত রাখা যায়, এমন আর কোথাও যায় না

মোহি (নন্দের চাঁদের প্রতি) আপনার নামটী জিজ্ঞাসা ক'র্‌তে পারি কি ?

নিতা নাম ধাম জিজ্ঞাসা করে হবে এখন,—এখন কাজের কথা কও ? সত্যিই কি তুমি কোন বাবুর বক্ষিতা ?

মোহি আপনি কি ঠাওরাচ্ছেন, আপনাদের সঙ্গে আমি চাল দিচ্চি ? আপনাদের ঘরে ব'স্‌তে দিলুম, সে কেবল ভদ্রতার খাতিরে। ব'লবেন, থিয়েটারের মেয়েমানুষ এটিকেট্ (Etiquette) জানে না আর বাবুটী আমার বড় বশ, কত অন্যায় করি, কখন মুখতুলে একটা কথাও কয় না।

হরি। তবে ত' তোমার বাবু বাছা বড় নম্র দেখ্‌চি

মোহি আপনি ত' বড় রসিক লোক দেখ্‌চি, আপনার রসিকতায় রস আছে

হরি রসিকতায় রস থাকে না ত' কি চিট্ গুড় থাকে চাঁদ

নন্দে হরহর। কি বাজে কথা কইচ ? রসিকতার ঢের সময় আছে। তোমার বাবু কত টাকা মাইনে দেয় ?

মোহি দুশো টাকা করে মাইনে, আর খরচ পত্র সব দেয়

নন্দে থিয়েটারে কত পাও ?

মোহি তিরিশ টাকা।

নন্দে তা দেখ, তোমার সঙ্গে যদি রাখা রাখি হয়, থিয়েটারটী তোমায় ছাড়তে হবে আমি মেয়েমানুষ রাখ্‌বো' আর পাঁচ বেটার মজা লুটবে, তা হবে না বাবা

মোহি আপনি লাখ্‌টাকা দিলেও, আমি থিয়েটার ছাড়্‌ব' না। আমার বাবুর সঙ্গে এই কন্‌ট্রাক্ট্ (Contract)।

হরি হ্যাঁ বাছা, তোমার বাবুটী ত' বড় গোবেচারা দেখ্‌চি, থিয়েটার কর', ভদ্রলোক দেখ্‌লেই ঘরে বসাও আর তিনি মাসে মাসে মাইনে গোঁজেন এর উপর আবার একটী গুপ্তবীরও আছে ত?

নিতা গুপ্ত জীবটা কি! হরিহর বাবু [illegible]ও জান'!

হরি গুপ্তজীবটা কি জান না? উকীলের বাড়ী চাকরী কর, এসব খপর রাখ না। ময়ূরভঞ্জের রাজার অঙ্কলক্ষ্মী হ'লেও এঁদের একটী গুপ্তলোক চাই তা নইলে ভাত হজম হয় না জলটুকু গলায় ওলে না,—অমন দেহ যেন ভার বোধ হয়

মোহি জানেন আমি থিয়েটারের একট্রেস্, আপনাদের বাড়ী ঢুকতে দিয়েছি এই ঢের আমার বাঁধা বাবু আছে কোথাকার লোক আপনারা, মুখের উপর যাচ্ছে তাই ব'লচেন

হরি চ'টোনা চাঁদ প্রাণ খোলা লোক, দুটো একটা ব'লে ফেলি চোট্‌তে আছে কি?

নিতা বাবুজি, এই হরিহর বাবুই সব নষ্ট কর্‌লে, এ সব জায়গায় একে সঙ্গে ক'রে কেন আন্‌লেন?

নদে হরিহর বাবু, একটু চুপ কর ভাই, কাজের কথা কই তা তুমি থিয়েটার ছাড়তে রাজী নও।

মোহি ব'ল্লুম ত' লাখটাকা দিলেও নয় বাবু—দু'দিনের থিয়েটার চিরদিনের

নিতা সোণার চাঁদ, কেন বেগোড় ক'চ্চ'? হাতের লক্ষ্মী পায়ে ঠেল্‌ছ'—বড় ভাল ক'চ্চ না।

মোহি থিয়েটারে থাক্‌লে অমন বাবু আমার ঢের জুট্‌বে আপনারা আসুন, ভদ্রতা অনেক রাখা গেছে

নদে চল' হে চল' কোথাকার ছোট লোক মেয়েমানুষ নিতাইএর যেমন খেয়ে দেয়ে কাজ নেই, এই সব জায়গায় আমাদের এনেছে।

মোহি। আমরাও মুখ ধ'র্‌তে জানি ভালয় ভাল বিদেয় হও, কেন গালাগাল খাবে

নিতা বাবুজি আর কথায় কাজ নেই; স'রে আসুন বেটী যাচ্ছে তাই ক'রে গালাগাল দেবে, বেটীদের মুখ বড় দোরস্ত হাঁড়ী হাঁড়ী গোবর জল তোমের আছে, কারো সঙ্গে ঝগড়া হ'লেই মাথায় ঢালে

নদে আচ্ছা বুঝে নেব,—এ পাড়া থেকে তোমার বাস তুল্‌তে পারি, তবে আমার নাম; এ হদ্দোর ইনেস্‌পেক্টর আমার খুব ফ্রেণ্ড

হরি। আপনি গাড়ীতে গিয়ে বসুন আমি প্যাঁচ ক'রে কথা ক'য়ে বেটীর মনের ভাব বুঝ্‌চি।

নদে বেশ কথা,—বেশ কথা, চল'হে নিতাই চল'

[নদেরচাঁদ ও নিতাইএর প্রস্থান

মোহি আপনি গেলেন না যে?

হরি দেখ, আমি দূর ছাই ভাল বাসি তুমি খুব তাতে রপ্ত দেখলুম তাই প্রাণ তোমার অনুরক্ত হয়েছে

মোহি দেখ, তুমি বেশ রসিক লোক। তোমার নাম কি ?

হরি যা হোক, প্রাণে একটু ভরসা পেলুম। তুমি যে আপনি ছেড়ে "তুমি" ধরেছ, তাইত বুঝ্‌চি আমায় একটু পেয়ার করেচ'। এর পর যখন "তুই" তোকারি ধ'র্‌বে, তখন ত' মার দিয়া কেল্লা, তোমার সব রোজগার আমি ভোগ ক'র্‌ব।

মোহি বলি তোমার মতলবটা কি ? চেহার খাসাত মন্দ করনি, কথা বার্ত্তার ছটায়ও ঘটা পাছে। কি চাও বল দিকি ?

হরি তবে শোন। ফাঁক তাল্লায় তোমায় কিছু থোক্ থাক্ পাইয়ে দিতে পারি।

মোহি কি রকম ?

হরি তুমি পুরুষ সাজ্‌তে পার্‌বে ?

মোহি কেন পার্‌বো না ? আমরা থিয়েটার করি, সব সাজ্‌তে পারি।

হরি (স্বগতঃ) এই মাগীকে দিয়ে আমার কাজ ঠিক হবে। কাকা কাকীর দশ হাজার টাকার লোভে ছাই প'ড়্‌বে, আর কলুর ছেলেরও ফুলকুমারী বিয়ে করা ঘুরে যাবে। (প্রকাশ্যে) তুমি বাইসিকেল চ'ড়্‌তে পার ?

মোহি হ্যাঁ প্যারি। আমি বাবুর বাগানে রোজ চড়ি।

হরি বেশ কথা ; তুমি পুরুষ সাজ্‌লে বেশ মানাবে। বেড়ে ফুট্‌ফটে ছোক্‌রাটী দেখাবে। বাইসিকেল চড়ে পুরুষ সেজে ইডেন্ গার্ডেনে তোমায় হাওয়া খেতে যেতে হবে।

সেই খানে এক ফ্যান্সি মেয়েমানুষের সঙ্গে লভ্ (Love) ক'রে তাকে পড়তা ক'র্‌বে

মোহি। এযে এক নূতন কথ শুন্‌চি, মেয়েমানুষের সঙ্গে মেয়ে মানুষ (Love) লভ্ ক'র্‌বে তাতে তোমার কি লাভ?

হরি। আমার কিছু নয় আমার একজন বড় মানুষ বন্ধু আছেন, তাঁর সঙ্গে সেই মেয়েটীর বিবাহের কথা বার্ত্তা স্থির হয়। এখন সেই মেয়ের বাপ মা সম্বন্ধ ক্যান্‌সেল্ (Cancel) ক'রে আর একজনের সঙ্গে বিবাহের ঠিকঠাক্ ক'চ্চে, শীঘ্রই বে হবে যো সো ক'রে, কোন রকমে এই বিয়ে আমরা স্থগিত ক'র্‌তে চাচ্চি। মেয়েটা লভ্ লভ্ (Love Love) ক'রে অস্থির হ'য়েছে, কিন্তু মনের মত পাচ্ছে না। রোজ ইডেন্ গার্ডেনে বেড়াতে যায় তুমি থিয়েটারের এক্ট্রেস, পুরুষ সাজলে কেউ ধ'র্‌তে পার্‌বে না তোমার সঙ্গে চট্ পিরীত জ'মে যাবে। তারপর আমি যেখানে ব'লে দেব, সেই খানে সঙ্গে করে নিয়ে আস্‌বে। আমাদেরও উদ্দেশ্য সাধন হবে, অথচ মেয়েটারও জাথের খাওবা হবে না।

মোহি। এ কাজ যদি ক'রে দিতে পারি, আমায় কি দেবে?

হরি। সে ভার আমার কাজ হাসিল কর, তোড়া বন্দি টাকা এনে তোমায় দিয়ে যাব আপাততঃ এই আংটিটী বায়না নাও, যাচিয়ে নিও, যখনই বেচ্‌বে, তখনি পাঁচশো টাকা পাবে

মোহি। তা যেন হ'লো। কোন পুলিস হ্যাঙ্গামে প'ড়্‌বো না ত?

হরি রামচন্দ্র তুমি মেয়ে মানুষ, যদিই ধরা পড় মেয়েমানুষে মেয়ে মানুষে পিরীত, তার আবার সাজা কি? যদি হাঙ্গামের ভিতর থাক্‌তে চাইতুম, তা হ’লে ত’ এ কাজ কোন ফুট্‌ফুটে ছোকরার দ্বারায় করাতে পার্‌তুম সে সব তুমি কিছু ভেবনা আমি তবে এখন যাই কাল বিকেলে ঠিক্ সাড়ে পাঁচটার সময়, তোমার বাবুর বাইসিকেল চড়ে ইডেন্ গার্ডেনে যেও, ঠিক সময় আমার সঙ্গে দেখা হবে

মোহি আচ্ছা তবে এস দেখ’ যেন ভুল’না

হরি আরে বাপ্‌রে. নিজের গুরুপুত্রকে ভুল্‌বো, তবু তোমায় না। রোজ তোমায় “কুইনস্ কেক্” কিনে এনে খাওয়াব তোমায় আর কি শেখাব, তুমি থিয়েটারের এক্ট্রেস এ কাজ যদি ক’র্‌তে পার, নগদ পাঁচ হাজার টাকা,—একখানা বাড়ী কিনে ফেলো

[হরিহরের প্রস্থান]

মোহি লোকটা মতলবে এসেছে মতলব আর কি, সেই মেয়েটার উপর পড়তা তার বাপ মা, আর একজনের সঙ্গে বে দিচ্ছে, সেই বিয়ে কাঁটিয়ে দিতে চায় আমার আর কি, পুরুষ সেজে বাইসিকেল চ’ড়ে ইডেন গার্ডেনে হাওয়া খেতে যাব, তাতে আর দোষ কি? ছুটো পিরীতের কথা, তা থিয়েটার কবি, আর পার্‌বো না কিছু আসে আসুক না অংটিটি যাচাতে হবে হীরে খানা মন্দ নয়

[প্রস্থান]

পঞ্চম দৃশ্য।

রাস্তা

(Fortune teller and his wife).

(ফরচুন টেলার ও তাহার স্ত্রী)

উভয়ের গীত

পুরু। মালুম হ্যায় আস্‌মান জমীন্‌কা খবর।
স্ত্রী যো হুয়া যো হোগ সব নজর উপর
পুরু সুরজ চন্দ্রমা সে, তারা ঘুমে,
সব খাড়া সাম্‌নে ;
স্ত্রী। জমীন্‌কা পেটমে যো চিজ্‌ হ্যায,
সমন্দর যো চিজ্‌ ছেপায
উভয়ে সব কো পাত্তা বাতায,
আক্কেল মান্দীমে হু'নো জবর
পুরু এ হাম্‌সে বেহেতর
স্ত্রী এ হাম্‌সে বেহেতর

[উভয়ের প্রস্থান]

ষষ্ঠ দৃশ্য।

ইডেন গার্ডেন

(ইংরাজ মহিলাগণের প্রবেশ)।

গীত

হুজ থাণ্ডার রোর,
Whose thunder roar,
ফ্রম সোর টু সোর,
From shore to shore
নেসন্স্ হার্ড এণ্ড কোয়েলড্!
Nations heard and quailed!
গেনষ্ট হুজ মাইট,
gainst Whose might
বোথ ব্ল্যাক এণ্ড হোয়াইট,
Both black and white
হু ডেয়ারড্ টু ফাইট হ্যাভ ওয়েলড্!
Who dared to fight have wailed
দি লায়নস্ ওয়েক, বোয়ারস্ কোয়েক্
The lion's wake. Boer's quake.
ফ্রম প্রিটরোজ্ টাওয়ার
From Pretor's tower,

লুক ওয়েষ্ট ওয়ার্ড বোযার,
Look west waid Boer,
বি অয়াব, বি অয়ার—
Bewaie, Bewaie
সেণ্ট হেলেনা দেয়ার,
Snt Helena theie,
উইথ এভ্রি গেল, শ্যাল্ টেল এ টেল্,
With eveiy gale, Shall tell a tale
দি মাইটএষ্ট ম্যান গেনষ্ট্ ব্রেট হ্যাড ফেল্ড্ !!
The might'st man 'gainst Biet-had failed,
রুল বৃটেনিয়া ওয়েভ এণ্ড ল্যাণ্ড,
Rule Biitania wave and land.
লিড্ অন দাই ইনভিনসিবেল ব্যাণ্ড,
Lead on thy invincible band
সনস্ অফ্ থাউজ্যাণ্ড হিরোজ বোলড্।
Sons of thousand heioes bold
হুজ ডিড্স্ আর নোন্ টু ইয়ং এণ্ড ওলড।
Whose deeds aie Known to young and old !
দেয়ার মিটিওর ফ্ল্যাগ দি ব্রেভেসট্ পেল্ড !!
Theii Met'or flag the biavest Paled !!

[ক্রমশঃ]

(ফুল কুমারী ও পুরুষ বেশী মোহিনীর প্রবেশ)

ফুল তা ভাই, ব'লতে কি, তোমার মতনটীই আমি চাই বল দেখি, মনের মতন না পেলে কি মন মেলে? ফ্রি লভ্ (Free love) কি কথার কথা? আমি যেমন ফুটফুটেটি, সোনামুখীটি, তেমনি টুকটুকে নাগরটী না হলে, এমন ফ্যান্সি (Fancy) প্রাণ, ভাসিয়ে দি না জলে? আমার বাপ মা টাকার লোভে এক কলুর ছেলের সঙ্গে বে দিতে চাচ্চেন বল দেখি ভাই, টাকায় কি হয়? প্রাণে প্রাণে প'ড়লে বাঁধা, প্রাণে প্রেমের তুফান বয় কলুর ছেলে বলবে মাইডিয়ার! আমার এবার এস্পার কি ওস্পার

মোহি। তুমি যেমনটী চাও, আমি তেমনিটী হব তোমার পায়ে প্রাণটী রেখে, প্রাণে মিশিয়ে রব' ফ্রিলভ্ যত চাও, তত' দেব'; কিন্তু ভাই তোমার মাথার উপর বাপ্ মা রয়েছে, তারা আর এক জনের সঙ্গে সম্বন্ধ ঠিক করেছে, তোমায় ভালবেসে কেঁদে সারা হব কি শেষে? কেন মিছে আশ দিয়ে তুলছ আকাশে? কি ব'লব' ভাই, "চাঁদের" সঙ্গে কি তারা মেশে?

ফুল ড্যাম বাপ্ মা. আমি তোমায় চাই, তুমি আমার হবে না ভাই? তুমি ও মজ, আমি ও ম'জ্বো, না হয় মান দরিয়ায় ভাসবো? মনের মতন লভার (Lover) পেলে কারও মুখ কি চাইব? তুমি আমার, আমি তোমার,—বল দেখি সে কেমন? সক্ সুতোয় বাঁধাবাঁধি কোথায় আর পাব তেমন।

মোহি	তুমি তোমার বাপ মা ছাড়্‌বে?

ফুল	তুমি আমায় সঙ্গে রাখ্‌বে?

মোহি।	তুমি আমার হও তবে ত!

ফুল	আমি তোমার, তুমি আমার ত?

মোহি	কোথায় যাবে?

ফুল	দু' চোখের সাম্‌নে যে পথ পাবে।

মোহি।	তার পর তোমার বাপ মা যদি পুলিস কেস্ (Police case) করে?

ফুল।	উধাও হব' দেশ ছেড়ে, আমাদের কে ধরে?

মোহি	তবে প্রাণ খুলে এখন তোমার গায়ে হাত দি? কি বল ভাই?

ফুল	আমিও ত তাই চাই

মোহি	তবে সোহাগ ভরে, এমব্রেস (Embrace) ক'রে, সোনার মুখ হাতে ধ'রে, চুপি শাড়ে একটী কিস্ (Kiss) কেমন ভাই—মন থেকে হব না ত' মিস্ (Miss)?

ফুল।	তুমি আমার সোল্ (Soul) অল ইন অল (All in all)। ভাঙ্গো চোরো, রাখ মারো—তোমার হাতের ডল্ (Doll)।

উভয়ের গীত

মোহি।	সাধ ক'রে প্রাণ লুটিয়ে দি'ছি পায়।
তুলে নেনা, আমার সোনা,
অযতনে বিলিয়ে যায়॥

ফুল। চুপি চুপি ছু'টো' কথা, শোন ডিয়ার খাও মাথা,
প্রাণে প্রাণে হ'ল' গাঁথা, যারে চায় তারে পায়

উভয়ে এ দেশে কে রবে, গঞ্জনা কে সবে,
চল তবে দেশ ছাড়িয়ে যাই,
ঘরে ঘরে ঘরে, চল উচ্চৈস্বরে,
ফ্রিলভ্ প্রিচ্ করিযা বেড়াই,
জয় জয় জয়, প্রেমিক প্রেমিকা,
তুলিযা ধ্বজ, লিখিব তাহায়।

মোহি তবে কাল আবাব কথন দেখা হবে ভাই?

ফুল আজত' শূন্য প্রাণ নিযে ঘবে ফিবে যাই কাল থেকে আব বাখ্‌চিনি আপদ বালাই। য কিছু গযনা গ টি আছে, সব নিযে আস্‌ছি বাল রাত্রেব মেল ট্রেনেই তোমার সঙ্গে স'ব্‌ছি

মোহি বল' কি?

ফুল এখনও সন্দেহ? ছিঃ. ছিঃ. কাল ঠিক্ সাড়ে পাঁচটাব সময এইখানে এস ভাই, আজ রাত্রের মতন ছ' জনে চোক্ কাণ বুজে কাটাই, তবে যাই?

মোহি। এস! আমিও এগিযেছি, আর পেঁছুবোন,—সে ভয় তুমি ক'র না

(ফুলকুমাবীব প্রস্থান)

মোহি। হরিহর বাবুর ঠেঁয়ে যা শুনিছিলুম, ঠিক তাই দেখলুম, মেয়েটা বিপরীত বিপরীত ক'রে ক্ষেপে গেছে। এত বড় মেয়ে আইবুড় ক'রে ঘরে রাখলে শেষে এই হয়। ইংরাজী মেজাজের বাবুরা যে কি বোঝেন, তা ত বলতে পারি না। যাই হোক এ এক খেলা মন্দ নয়, আমার কিছু এলেই হ'ল। আংটী টা অবিনাশ ঘোষের দোকানে যাচিয়ে ছিলুম, তারা আট শো টাকায় এখনি নিতে চায়। হরিহর বাবু লোকটা কে? টাকার মানুষ, তার আর কথা নাই। কাজ তে খুব এগিয়ে এনেছি, বাকী টাকা টা পেলেই একখানা বাড়ী কিনে ফেলি।

(হরিহরের প্রবেশ।)

হরি। কি গো কর্ত্তা দূর কি হল'? আমি আজ শুনে এলুম, কল্যের ছেলের সঙ্গে পরশুদিন ফুলকুমারীর বিয়ে হবে। পূজ্যপাদ কাকা মহাশয় দশ হাজার টাকা নগদ নিয়ে আর পাঁচশো টাকা মাসহারা বন্দোবস্ত ক'রে, উকীলের বাড়ী থেকে রীতিমত এক লেখা পড়া ক'রে দিয়েছেন। পরশুদিন সূর্য্যবংশাবতংশ নন্দর চাঁদের সঙ্গে ফুল-কুমারীর বিবাহ দেবেন। তা হ'লেই ত সব দিক কাঁচ্‌লো। এখন তুমি কত দূর কি ক'রলে বল?

মোহি। বল' কি? পরশুদিন আর এক জনের সঙ্গে ফুল-কুমারীর বিবাহ? এমন কথা আমায় শুনিও না। আমার জেলাসি (jalousy) হয়। আমার সঙ্গে ঠিক

ঠিক হয়ে গেছে,—কাল ফুলকুমারীর সঙ্গে আমার বিয়ে কাল রাত্রের মেল ট্রেনে আমরা দু' জনে সংসার দেশে দেশে বেড়িয়ে ফ্রিলভ্ (freelove) প্রেচ্ (Preech) ক'র্ব

হরি বল কি এত দূর এগিয়েছে ?

মোহি। আর বল্‌ব' কি, আমরা থিয়েটারের একট্রেস্ যা মনে করি তাই করি

হরি কি রকম কথা বার্ত্তা হ'ল ? সব খুলে বল দেখি ? আমার মন ভারি চঞ্চল হয়েছে, এ বিয়ে না ভাঁড়াতে পার্‌লে, সমাজে আর মুখ দেখান যাবে না

মোহি তুমি যা বলেছিলে ঠিক তাই মেয়েটার মাথার চুল থেকে পায়ের নখ পর্য্যন্ত আগা গোড়া ফ্রি লভে পোরা আমার সঙ্গে খুব লোট পোট্ হ'যে গেছে কাল বেলা সাড়ে পাঁচটার (৫ ০) সময় যা কিছু গহনা গাঁটী আছে, সব নিয়ে তোমার কুলকুমারী এইখানে আস্‌ছে, আমিও উপস্থিত থাক্‌চি। দু জনেই কাল রাত্রেই এ দেশ থেকে স'র্‌চি এখন তুমি কি ক'র্‌তে চাও—বল ? আমার কাজ আমি করেছি

হরি। তুমি ফুলকুমারীকে সঙ্গে নিয়ে, একখানা সেকেণ্ড ক্লাস গাড়ী করে বরাবর আমাদের মেসে যেও, আমি সেই-থানে উপস্থিত থাক্‌বো তারপর যা ক'র্‌তে হয়, আমি ক'রবো।

মোহি আমি তোমার মেসের ঠিকানা, জানিনা সব গুলিয়ে ফেল্‌বো যে

হরি তা বটে, তা দেখ আমি এক কাজ ক'র্বো আমার একজন চেনা লোক, এক খানা সেকেণ্ড ক্লাস গ ড়ী নিয়ে এইখানে দাঁড়িয়ে থাক্‌বে ; তোমায় আমার একখানা কার্ড (card) দিলেই তার সঙ্গে যেও।

মোহি। আমার বাকি টাকা ?

হরি টাকার ভাবনা কি ? আমি কি রকম লোক বায়নার আংটীটায় বুঝ্‌তে পার নি ?

মোহি। তা বুঝেছি বৈকি ? নইলে মুখোৎ থাটি ' কি জান আমরা লোভাক্তে জাত টাকাটা যতক্ষণ ন হাতে আসে, ততক্ষণ প্রাণকে বোঝাতে পারি নি

হরি তবে আজকের মতন যে যার আস্তানায় যাওয়া যাক্ চল'না, ইলেকট্রিক লাইট আর কচি কচি ঘাস দেখে আপাততঃ আর ল ভ কি ?

মোহি আমি এখান থেকে বরাবর থিয়েটারে যাচ্চি চল'না, আজ আমাদের প্লে (Play) দেখে আসবে আমি ম্যানেজারকে বলে তোমায় একখানা ফ্রি-পাস দেওয়াব।

হরি এতট উপকার ম্যানেজারের ক'র্বে ? তোমরা তোমাদের রোজ ছাড় ? কেন সে ভদ্র সন্তানের লোক্‌সান করাবে আমি জানি অনেক সময়ে ফ্রি পাসের (Tiee pass) এর ঠেলায় থিয়েটারের ম্যানেজারকে কাপড় চোপড় ছেড়ে পালাতে হয়

মোহি। তা বড় মিছে বলনি, আমরা বেশ্যা আমরাই লোকের ঠেঙ্গে ভুগিয়ে নি ভদ্রলোকে যে আবার ধাক্কা দিয়ে

নাচ দেখ্‌তে চায়, ত এই দেখ্‌ছি আবার যাঁরা 'পাস' নিয়ে দেখেন, তাঁরাই নিন্দে করেন। সে কথা যাগ বলি হ্যাঁগা, আমাদের বাড়ীতে একদিন আস্‌বে না? নিরিবিলি দুট' কথা কইব, তাতেত' আর ক্ষয়ে যাবে না।

হরি আমার বাপ এখনও বেঁচে আছেন। বিষয় তাঁরই হাতে আমায় বাড়ী ডেকে নিয়ে গিয়ে কিছু ফায়দা পাবে না ত'

মোহি আমি টাকার পিত্তেশী নই, চোকে যাকে ভাল লাগে মিনি পয়সায় তার বাদী হই তবে আমারও গোলাম হওয়া চাই

হরি বলি ও চেহারায় গোলাম হয়, এমন অভাগাও আছে না কি?

মোহি দু'দিন বাড়ী আস্‌তে পার' হও কিনা দেখি?

হরি তোমার পটল চেরা চোখের কতটা জবাস, একবার বুঝবো আগে এই হাঙ্গামটা চুকে যাক্, একটু নিশ্চিন্দি হই, তার পর তোমার বাড়ী গিয়ে নিরিবিলি কথা শুন্‌বো। নাও তুমি তোমার বাইসিকেল্ চড়, আমিও ট্রামে চ'ড়ে পাড়ি দি কাল ঠিক সাড়ে পাঁচটা মনে থাকে যেন

মোহি। খুব থাক্‌বে ভাল কথা, তোমাদের সে নদেরচাঁদ বাবুর খবর কি?

হরি। আমাকেও বাড়ী যেতে বল্‌ছ', নদেরচাঁদ বাবুরও খোঁজ নিচ্ছ,—ব্যাবসাটা খুব লাভের বটে নদের চাঁদ বাবু

এখন বিয়ের হ্যাঙ্গাম্গাম মদ্গুল্, সেখানে বড় সুবিধে হবে ন। সে কলুব ছেলে, খুব তুখোড় আর দেরি ক'র্‌ব' না, চল যে যাব কাজে য ই

[উভয়ের প্রস্থান।

[দরজিনীগণের প্রবেশ]

গীত

দর্জ্জিগিরি কারিগুরি নূতন আমদানি।
পাল ছাড়া পাল ক্রেণ্ডস্ এরা, ফ্যাসানেবল কোম্পানি॥
নয়া কাটের নয়া টেল কোটে,
নয়া বাবুর নয়া টেল ওঠে,
সেমিজের জোরে, কোম'র দুদিনে পোবে,—
প'র্‌লে বডি, ফাঁপে বডি, ছাঁটের এমনি কারদানি॥

[প্রস্থান।

সপ্তম দৃশ্য।

নদের চাঁদের বাটী

নদের চাঁদ, কানাই ও নিতাই।

কানা কেমন বাবুজী, এখন মিলিয়ে পেলেন ত, কানাইলাল সব রকমের দালালি করতে পারে কি না। বেয়াদবি মাপ করবেন কলুর ছেলের সঙ্গে বামুনের মেয়ের বিয়ে, আজ পর্য্যন্তও কোন্ শালা দিতে পেরেছে ? লর্ড ক্লাইভের মত, ইণ্ডিয়ান হিষ্ট্রিতে একটা নাম থেকে যাবে

নিতাই থাম—থাম, বেশী বাহাদুরী ক'র'না দশ হাজার টাকা নগদ দিয়ে, পাঁচশো টাকা করে মাসোহারা বন্দোবস্ত ক'রে, বিশ বৎসরের ধেড়ে মেয়ের সঙ্গে বিয়ে দেওয়া বড় বেশী কথা নয় টাকার লোভে বিয়ে হ'চ্চে এতে কলুর ছেলেই বা কি, আর হাড়ির ছেলেই বা কি ?

কানা চেপে যাওন বাবা, তোমার কেরামত বোঝা গেছে একটা খানকীর বাড়ীতে বাবুজীকে বেড়াতে নিয়ে গিয়ে, ডাহা অপমানটা করিয়ে নিয়ে এলে আমি থাকলে সে বেটীর ঝুঁটী ধ'রে, গোটা দু'চ্চার কিল দিয়ে তবে ফিরে আসতুম।

নদে যা হোক, একাজে কানাই খুব বাহাদুরী দেখিয়েছে — যাওয়া, আর সাক্‌সেস্ (Success) করে আসা এখন

বিবেটা হ'লে গেলে বাঁচি উকীলের বাড়ী দশহাজার টাকা নগদ কর্ করে গুণে দিয়ে এসেছি, পাঁচশো টাকা মাসোহারা বন্দোবস্ত করে, রীতিমত লেখা পড়া ক'রে নিয়েচি। ক'ল্কাতা সহরে খুব একটা সেন্সেসন (Sensation) পড়ে গেছে

নিত মিঃ পাকড়াশীকে বড় সোজা প্রকৃতির লোক ঠাওরাবেন না টাকা কড়ি নিয়ে হজম ক'রে, শেষ না সব ফাঁসিয়ে দেয় মেয়ে শুদ্ধু ন লোপাট্ হয়ে যায়

নদে বাবা, আমি কাঁচা ছেলে নয় শুধু মিঃ পাকড়াশীর সই নিয়ে ছাড়িনি, তার মাগ্‌কে শুদ্ধ জড়িয়ে রেখেছি ব্রিচ অফ্ কনট্রাক্টে (Breach of contract) দুজন-কেই ফেলবো।

কানা ওহে নিতাই চাঁদ, আমরা ইন্সিওরেন্স আফিসে কাজ করি, লোকের জীবন মরণ ব্যাপার আমাদের হাতে। আমরা যে কাজে হাত দেব, তাতে চুরি জুচ্চুরি হবে না তোমার উকীলেরবাড়ীর এক্সপিরিয়েন্সি (Experience) মনে কর, টাকা কড়ি লেন দেন হলেই জাল জুচ্চুরি আছে

নিত আচ্ছা বাব, ম'র্‌চানি শেষ দেখে তবে বুঝ্‌বো রাত পোহালেই ত' কাল বিয়ে আগে চার হাত এক হ'য়ে যাক্, তার পর তোমার কাব্‌দানি বোঝা যাবে

নদে বাড়ী টাড়ী ত' এক রকম বেশ সাজান হয়েছে এখন প্রোসেসনের কি বন্দোবস্ত করা যায় বল দেখি? ঠাকুর গুষ্টি কি শীল গুষ্টির ছেলের বিয়েতে যেরূপ প্রোসেসন বেরিয়ে-

ছিল, তার চেয়েও গ্র্যাণ্ড ক'র্‌তে হবে সব খবরের কাগজে একটা হৈ চৈ পড়াত' চাই

ক্ষানা দেখুন—কেল্লার ব্যাণ্ড, রোসন চৌকী, হাতী, ঘোড়া, পাহাড়, পর্ব্বত, এ সব ঢের প্রোসেসনের সঙ্গে বেরিয়েছে। আপনার বিয়েতে তা কর হবে না দশ হাজার টাকার বিয়ে, বড় সোজা কথা ত' নয় হাপ্‌সি পাড়, রাজার রাস্তা, মেচে বাজার, সোনা গাছি এই সব জায়গা থেকে, ঝেঁটিয়ে মেয়েমানুষ যোগাড় করা যাক,—নম্বরে দশ হাজার হওয়া চাই আপনি দশ ঘোড়ার গাড়ী চ'ড়ে বেরোবেন আপনার গাড়ীরসাম্‌নে ঐ দশ হাজার মেয়ে মানুষ এক এক শাঁক হাতে করে বাজাতে বাজাতে যাবে খরচ য় কম, অথচ নাম ডাক খুব হবে শীল গুষ্টি কি ঠাকুর গুষ্টি, এসব কখন চোখেও দেখেননি

নিতা দেখুন বাবুজি। আর একটা কাজ ক'র্‌তে হবে প্রোসেসনের সঙ্গে সঙ্গে "তাড়ু" কোম্পানীকে দিয়ে অ্যাসিটিলিন্ Acetyline) গ্যাসের আদ্য শ্রাদ্ধ কর্‌তে হবে। আগা গোড়া অ্যাসিটিলিন্ গ্যাসের বাঁধা রোসনাই করা যাবে

নদে বেশ বেশ প্রোসেসনের প্রোগ্রামে এ এক গ্র্যাণ্ড নভেলটি হবে কাল একবার বিয়েটা চুকে গেলে হয়; তারপর সব শালাকে বুঝে নেব বামুনের সঙ্গে এক পুঁক্তিতে ব'সে খাব' কোন্ ব্যাটা কলুর ছেলে ব'লে ঘেন্না করে, একবার দেখি (হরিহরের প্রবেশ) আরে কেও হরিহর বাবু যে? তবু ভাল এ সময়ে তোমার দেখা

পেলুম এত বড় একটা ব্যাপার হ'চ্চে, এ সময়ে বন্ধু বান্ধবের সাহায্য বিশেষ দরকার

কানা। হরিহর বাবু এঁচেছিলেন, ওঁর অনুগ্রহ না হ'লে এ বিয়ে কিছুতে হবে না, তাই দমক্ দিয়ে কিছু পয়সা হাতাবার চেষ্টায় ছিলেন কেমন গো- এখন বুঝলে ত'? কানাইলালের অসাধ্য কিছুই নাই? যে, বামুনের ঘরে কলুর ছেলের বিয়ে দেওয়ায় সে না পারে কি?

নিত বাবা, থাক মেসে প'ড়ে, দুনিয়ার ব্যাপার ত' কিছু জান না কলু ত' তবু জাত ভাল, পয়সা থাক্‌লে আমি মুচীর ছেলেকে বামুন ক'রে দিতে পারি

হরি। তোমাদের আর কে কোথায় আছে বাবা, ডেকে নিয়ে এস এক এক ক'রে প্রাণ মাতান' বুলি শুনি কি ছাঁচে তোমাদের দুটীকে ভগবান গড়েছেন, আমায় ব'ল্‌তে পার? খোদার রাজ্যের এক অদ্ভুত জীব বাবা! মোসাহেবি করে যে ব্যাটারা পয়সা রোজগার করে, তাদের আমি কুকুর বলি

নিত্য। দেখুন বাবুজি, দেখুন! আপনার সাম্‌নে আমাদের যাচ্ছে তাই অপমান ক'র্‌ছে। মোসাহেবি করি বলে আমরা কুকুর?

হরি। মোসাহেবি কর, তাতে আমার দুঃখ নেই বড় লোকের ছেলের সঙ্গে অমন দুটে চার্‌টে থাকে। কিন্তু বাবা, খালি তুড়ি ধর্‌বে আর মন যুগিয়ে কথা কবে,— এ কি রকম? দোষ গুণ স্পষ্টাপষ্টি বল, বড় লোকের ছেলে তাতে চটে না ভগবান যাদের অতুল ঐশ্বর্য্যের অধি-

কারী করেছেন, তাদের ঘটে একটু আধটু বুদ্ধিও দিয়েছেন তারা নেহাৎ বোকা নয়।

কানা। তুমি কত বড় হরিহর বাবু, আমি একবার বুঝে নেব আমায় মোসাহেব বল'?—তোমার নামে আমি ডিফামেসন (Defamation) সুট (Suit) আন্‌ব'

হরি কানাই বাবু আমার মাথার দিব্বি—তাই কর আজ কাল ডিফামেসন কেসের ছড়াছড়ি। হোটেল ওয়ালার ডিফামেশন, এডিটারের ডিফামেশন, এম, ডি, ডাক্তারের ডিফামেশন থিয়েটারের ম্যানেজারের ডিফামেশন এবার একটা মোসাহেবের ডিফামেশন হ'লেই এ কাজের চূড়ান্ত হয়ে যায়, পিনাল কোর্ড খানাও সার্থক হয়

নদে যেতে দাও হরিহর, বাবু, ও সব কথা যেতে দাও এখন বলছি কি কালকে বিয়ের প্রোসেসন (Procession)টা তোমায় লিড্ (Lead) ক'রে নিয়ে যেতে হবে তোমার মত ক্লেভার (clever) লোক আমার রাইট হাণ্ড (Right hand).

হরি আমার রাইট হ্যাণ্ড কর লেফ্‌ট হাণ্ড (Left Hand) কর, সব তাতেই রাজী আছি কিন্তু এদিকে যে সাধের বিবাহের আদ্যশ্রাদ্ধ হ'য়ে দাঁড়িয়েছে

নদে কি রকম। কি রকম?

হরি মেয়েটী যে পিরীত করে এক নাগর নিয়ে বাড়ী থেকে স'রেছেন তার কোন পাত্তা পাওয়া যাচ্ছে না।

নদে। হরিহর বাবু কি ব'লছ?

হরি আর ব'ল্ব কি,—স্বরূপ যা তাই বল্‌ছি গয়না গাঁটি যা কিছু ছিল সব শুদ্ধ নিয়ে স'রেছে কাকা কাকী ছুটো ছুটী কচ্ছেন, এ থান ও থানা খবর দিয়ে বেড়াচ্চেন মেয়ে এতক্ষণে না'ব শুদ্ধ পগার পার।

কানা বাবুজি, আপনি বুঝ্‌ছেন না, এসব পাক্‌ড়াশী শালার কারচুপী টাক কড়ি হজম ক'রে, জাত যাবার ভয়ে মেয়েকে স'রিয়ে দিয়েছে আর ন্যাকা সেজে ব'লে বেড়াচ্চে, মেয়ে পিরীত ক'রে কাকে নিয়ে ভেগেছে আমরা আজই পুলিশ কেস্ করব

নিত ঠিক, ঠিক ব'দু, "ঘুঘু দেখেছ—ফাঁদ দেখনি" আপনি আসুন, আমার মনিব মিঃ মল্লিকের কাছে আপনাকে নিয়ে যাই ব্রিচ অ'ফ্ কন্‌ট্রাক্টের নালিস রুজু ক'রব'। মাগ ভাতার দু' শালা শালীকে ঘোল খাইয়ে ছাড়্‌ব। আমার মাষ্টার লোক ভাল, এখন টাকা কড়ি কিছু দিতে হচ্চে না খালি আউট পকেট যা হবে, সেই কটা টাকা দিতে হবে

নদে তাই ত', তাই ত',—একি সর্ব্বনাশ! আমার সকল সাধে বাদ পড়লো যে এর ভিতর পাক্‌ড়াশীর যে বদমাইসি আছে, তার আর সন্দেহ নাই আচ্ছা, আমি ও কলুর ছেলে র ম্নাই গিরি ঘুরিয়ে দেব তবে ছাড়্‌ব'

হরি তা যদি পার নদেরচাঁদ বাবু বড় ভাল হয় পৃথিবী গোলাকার, উত্তর দক্ষিণে একটু চাপা, কাক। কাকীকে

সেই টুকু যদি বুঝিয়ে দিতে পার তা হ'লে তাদের ও শিক্ষ হয়, সমাজের ও ভাল হয়

(মিঃ পাকড়াশী ও মালতীর প্রবেশ)

পাক সর্ব্বনাশ হ'য়েছে,—সর্ব্বনাশ হ'য়েছে আমার মাথা কাটা গিয়েছে নদের চাঁদ বাবু কোন্ শালা আমার কুলে কালী দিয়েছে, আ মার মেয়েকে নিয়ে স'রেছে

মালতী দেখ্ দেখি মুখ পোড়া আমাকে শুদ্ধু মজালি উকিলের বাড়ীর লেখ পড়ায় আমায় কেন সই দেওয়ালি তুই জেলে পচ্‌গে যা, মর্‌গে যা আমার কি ? এখন যে তোর সঙ্গে আমাকেও নিয়ে টান পাড়াপাড়ি ক'র্‌বে

নিতা মালক্ষী তুমি পরম পতিব্রত সাক্ষাৎ শেতলা ঠাকুরণ তোমায় গড় করি তা ও র জেলে পচুক গে যাক্,— তুমি ফাঁকে থাক্‌লেই হ ল' লেখাপড়া শিখ্‌লে, নভেল লিখ্‌লে, দাম্পত্য প্রেমের পরিণাম বুঝি এই রকম হয়

কানা থাম, থাম, নিতাই বাবুজি আপনি ছাড়বেন না মিষ্ট্রি (Mystery) সব (clear out) ক্লিয়ার আউট ক'রে দেন কম জম নয় দশ হ জার টাকা নগদ দেওয়া গেছে, চুরি জুচ্চুরি ক'রে ওড়ালে চ'ল্‌বে না ত সিভিল ক্রিমিন্যাল দু'রকম কেস ক'র্‌তে হবে

নদে দেখুন মিঃ পাকড়াশী যেমন করে হোক্ যেখান থেকে হোক্,—মেয়ে এনে হাজির কর নইলে আমি হবু শ্বশুর কি হবু শাশুড়ী বলে মান্‌বো না এখুনি শালা শালী ব'লে গাল দিয়ে ফেল্‌বো

হরি। কাকী আর চলাচলিতে কাজ নেই, ভাল মানুষের মেয়ের মতন টাকা গুলি বের ক'রে দাও

মাগ ও হরিহর, আমি যে ঐ টাক থেকে এক হাজার টাকা ছাপাখানার দেনা শোধ করেছি

পাক্ শুনলে হরিহর, শালীর আক্কেল শুনলে? সেই টাকা থেকে হাজার টাক খরচ করে বসে আছে

মাগ। খবরদার মিন্‌সে, গালাগাল দিস্‌নে।

পাক না গালাগাল দেব কেন? তো মায় রসমুণ্ডী খাওয়াব। তুই শুধু শালী,—শালীর বেটী শালী

নিতা। আহা যেন গোপাল ভাঁড়ের রসিকতা, কি মধুর।

নদে কোন কথা শুনতে চাইনে হয় মেয়ে হাজির কর। নয় টাকা ফিরিয়ে দাও নইলে এখনি আমি আদালতে চল্লুম, সব কেলেঙ্কারী খবরের কাগজে বের করাব। তোমার অনাবারি ম্যাজিষ্ট্রেটী করা ঘুচিয়ে দেব

কানা রূপেয়া লেয়াও,রূপেয়া লেয়াও নেইতো ছোড়েগা নেহি

নিতা কভি নেই, কভি নেই, পুলিশকেস করেগা।

হরি আর এখানে গোলমাল ক'রে কাজ নেই, কেলেঙ্কারী যত বাড়াবেন, তত‌ই বাড়বে ফুলকুমারী যে গয়না-গাটী শুদ্ধ ভাগবে, এ খবর আমি আগেই পেয়েছিলুম যে ছোঁড়ার সঙ্গে ফুলকুমারীর পিরীত হয়েছে, তার এক বন্ধু আমাদের মেসে থাকে। সকলে মিলে তাকে গিয়ে চেপে চুপে ধরা যাক্ চলুন, সব খবর পাওয়া যাবে

নদে বেশ বেশ তবে আর দেরী ক'রে কাজ কি, এখুনি চল তোমাদের মেস কত দূরে?

হরি খুব কাছে দশ পনর মিনিটের মধ্যে গিয়ে পৌঁছান যাবে

মাল বাবা হরিহর, এই পুলিশ হাঙ্গামা থেকে আমায় এযাত্রে বাঁচ বাবা আর আমি কখনও বেয়াড়া চাল করব' না, নভেল লেখা ছাড়ব' জুতোপরা ছাড়বে, ধান সিদ্ধ করে খাব, তবু ফাউল কারি ছোঁব' না রোজ হরিনামের মালা জপবো, আর গঙ্গা মৃত্তিকা খাব

হরি। দেখো কাকী, ঠিক তো ?

মাল ঠিক বাবা, খুব ঠিক.

পাকৃ বাবা হরিহর তোমায় আর কি ব'ল্‌বো, তোমার কল্যাণে এ ঠেঁপায় যদি তবে যাই, কোন শালা আর ইংরাজী চাল চালবে রীতিমত প্রায়শ্চিত্ত করে, টিকি রাখ্‌বো গায়ত্রী জপবো আর আজই বাবুর্চি বেটাদের গিয়ে তাড়াব

কানা বল কি মিঃ পাক্‌ড়াশী, ম্যাক্‌বেথ প্লে হ'তে হ'তে একেবারে দ্রৌপদীর বস্ত্র হরণ ? চট্ এতটা পরিবর্তন ?

নিতা তা বাবা ডাহা বিদ্যাসুন্দরের পালা আরম্ভ হলো, মিঃ পাক্‌ড়াশী আর করেন কি ?

নদে চল চল। আর দেরী করে কাজ নেই, আমার মন বড় খারাপ হয়েছে

হরি চলুন শুভস্য শীঘ্রং আপনার গাড়ী তোয়ের আছে ?

নদে হ্যাঁ ঠিক আছে। আমি বাজারে যাব বলে গাড়ী জুতিয়ে রেখেছি।

সকলের প্রস্থান

অষ্টম দৃশ্য।

রাস্তা

(বুয়ার কন্যাদ্বয়ের প্রবেশ।)

গীত

দি বোয়ার ব্রুট অ্যাম নট দি মেট ফর মি।
The Boer brute am not the mate foı me.
ডিং ডং বেল বোয়ারস্ নেল মি গিভ দি
স্লিপ এণ্ড ফ্রি।
Ding dong bellBoeı's Knell me gib the
slip and flee
এব্‌রি ডে ই থ্রাস্ মি স্যাম,
Every day ye thıush me sam.
ফর ড্রিঙ্কি গিভ নো কপার ড্যাম
Foı dıınkee gib no copper da n
ড্যাম ই ড্যাম ই ড্যাম।
Damn ye damn ye dam
ই ডার্টি লুন, হ্যাংড্ বি সুন,
Ye dirty loon, hanged be soon,
ফর ই এগেন মি ক্যাঁ নট,
For ye again me caı s not,

টু লিক মি নেভ ইং ড্যা নট,
To lick me Knave ye Dai s not,
দি ইংলিস কাম দি স্লেভ অ্যাম ফ্রি।
The English come the slave am free

[প্রস্থান]

নবম দৃশ্য।

মেস—হরিহরের বাসা

ছাত্রগণ।

১ম ছাত্র ওহে বামলোচন, একজামিনের ত' আর দেরি নাই বার বার তিন বার ফেল হয়েছি, এবার যদি ফেল যাবি, তা হ'লে বাবাবেট আর টাকা পাঠাচ্ছেন না ফের গ্রামে গিয়ে পুনর্মূষিকো ভব হ'তে হবে কল্‌কাতার ফুর্ত্তি টুর্ত্তি আর চল্‌বে না।

২য় ছাত্র তুমি যেমন ষ্টুপিড্, মবাল্ কারেজ একটুও নেই আমি যখন এণ্ট্রেন্স দিই, ভাল প্রিপেয়ার (Prepare) হ'তে পারি নি, বুক ঠুকে কশ্চেন্ (Question) চুরি কর্‌লুম। বই দেখে দেখে অ্যানসার (Answer)

লিখে নিয়ে গিয়ে, কেমন পাস হয়ে গেলুম, কোন শালা ধরতে পারলে ? তারপর যখন এল, এ, দিই, সে বার ও কাঁচন চুরি ক র পাশ হই এবার বি, এ (B A) দেবার জন্য প্রাণে যায় হচ্ছি কখনও আমায় ভাবতে দেখেছ ? যখন রেজাল্ট Result) বেরবে, দেখে নিও, খান্ লোচনের নাম ফাষ্ট ডিভিসনের (First division) লিষ্টে থাকবেই

৩য় ছাত্র আমার বাবার বড় সাধ, ছেলে ইঞ্জিনিয়ারিং পাশ করে এসে, গ্রামে একটা মাতব্বর হয়ে বসে মাসে মাসে ঠিক টাকা পাঠাচ্ছেন। কিন্তু ভাই, আজও পর্য্যন্ত জিওমেট্রির (Geometry) ফাষ্ট প্রপোজিসন (First Proposition) মাথায় ঢুক্লো না, আমি ইঞ্জিনিয়ারিং পাশ দেব কি করে ? যে কটা দিন কল্‌কাতায় আছি, প্রাণ পুরে মজা করে নিই

৪র্থ ছাত্র যে যাই বল বাবা আমি উকীল হব'ই জুচ্চুরি বুদ্ধি আমার মাথায় বেশ খেলে তুমি দেখে নিও বছর তিনেক বাদে, হরিপদ শর্ম্মা এটর্নি অ্যাট ল, (Attorney-at law) এক সাইন বোর্ড থালে উকীল পাড়ায় শামলা মাথায় দিয়ে বসবে, আর যত নাবালক ছেলে দেখ যাবে।

১ম ছাত্র। বাজে কথা ছাড় বাবা, এখন নেশার যোগাড় কর

২য় ছাত্র এইযে বাবা, টিপ তোয়েরি, কল্কেয় চড়ালেই হয়। তুমি শাপী থান ঝেড়ে ঝুড়ে নাও।

১ম ছাত্র। ভায়া এতে আছ না কি ?

৩য় ছাত্র না বাব, সুখে থাক্ আমার ধান্যেশ্বরী, এক কোয়ার্টারে (Quarter) ই ভোরপুর গাঁজার ধোঁয়ায় যক্ষাকাশ জন্মায়।

২য় ছাত্র ডুয়েল (Duel) ল'ড়ব' বাব, গাঁজার নিন্দা ক'র' না সব নেশার রাজা গাঁজা

১ম ছাত্র হরিপদ কি বল হে, বেঁ করে এক টান টান্‌বে না কি?

৪র্থ ছাত্র না ব্রাদার (Brother) আমি এখনও লাষ্ট ক্লাশে (last class) আছি, সিদ্ধির নশাই বরদাস্ত ক'র্‌তে পারি নি, এই দেখ না ভাই খুটে মর্‌চি একটা বড় রক-মের ডেলা, গালে ফেলে দিয়ে ঢক ঢক ক'রে খানিকটা জল খেয়ে ফেল্‌বো তার পর ভুড়ুক ভুড়ুক করে তামাক টান্‌বে প্রাণে সপ্ত সমুদ্রের উচ্ছ্বাস ব'য়ে যাবে।

৩য় ছাত্র আচ্ছা হরিহরটা আজ কোথায় গেল? সকাল বেলা থেকে কোথায় ডুব মেরেছে

১ম ছাত্র তার কথা আর তুল' না বাবা লেট্ হিম্ গো টু দি হেল্ (Let him go to the hell) এত দিন আমাদের সঙ্গে রয়েছে, এখনও ইয়ারকি দিতে শিখলে ন

২য় ছাত্র। তুমি জাননা হে, ও ঢোক্‌রা ভারি তোখের ডুবে ডুবে জল খায় সব রকম নেশাই করে, মেয়ে মানুষের বাড়ী ও যায় আমাদের কাছে সাধুত্ব ফলায়

৪র্থ ছাত্র দেখ, খানিক আগে, আমি যখন সিঁড়ি দিয়ে উঠে আস্‌ছি স্পষ্ট দেখলুম, ওই যে লোকটা হরিহরের সঙ্গে থাকে বোধ টেঁকেশ্বর—ছুটো খুটফুটে ছে ক্‌রা সঙ্গে ক'রে, বরাবর হরিহরের ঘরের দিকে গেল—আমি

অন্ধকারে ভাল বুঝতে পারলুম না তারপর সে লোকটা ঘরে চাবি দিয়ে আবার বেরিয়ে গেল। কি মিষ্ট্রী (Mystery) কিছু বুঝলুম না বাবা।

৩য় ছাত্র ছোঁড় কি ছুঁড়ী সেটা ভাল করে দেখেছিলে কি ? হরিহর যে ছেলে, ও সব পারে বাবা

৪র্থ ছাত্র না তা পারবে না অতটা সাহস কি হয় ? মেসের ভিতর ছুঁড়ী ঢোকাবে কি করে ?

২য় ছাত্র বেশ কথা বল্লে সুড়ঙ্গ কেটে পিরীত করা যায়, আর মেসের ভিতর ছুড়ী ঢোকান যায় না আমার মামা বড় ইয়ার লোক ছিলেন, একবার তিনি সিভিল জেলে যান, জেলে গিয়ে ও তাঁর আমোদের কমতি ছিল না, সেই খানেই কার্ত্তিক পূজা লাগিয়ে দিয়েছিলেন যে ইয়ার হয়, সে থালির ভিতর হাতী পোরে

১ম ছাত্র চলন বাবা, একবার দরজার ফাঁক দিয়ে উঁকি মেরে দেখে আসি ছুঁড়ি কি ছোঁড়া স্বরূপ বুঝে আসি, তোমার কথায় কিছু ধোঁকা খেলুম বাবা

(হরিহরের প্রবেশ)

হরি ওহে রামলোচন, পালাও পালাও পাশের বাড়ী গিয়ে আড্ডা নাও তোমার বাবা কোলকেতায় এসেছেন বিডন্ স্কোয়ার (Beadon Square) এ আমার সঙ্গে দেখা হ'লো তিনি "পাল ব্রেওস্''এর দোকান থেকে কতকগুলো কি জামাটামা কিনে, এবাবর মেসে আস্ছেন তোমার সঙ্গে দেখা করবার জন্যে তোমাদের এই অবস্থায় দেখলেই তাঁর চক্ষু স্থির হয়ে যাবে।

২য় ছাত্র   অ্যাঁ বল কি—বল কি? নেশায় গোড়াতেই বাধা। আজ কার মুখ দেখে উঠেছিলুম

৩য় ছাত্র   আমার যে এখনও আধ কোয়াটার পেটে যায় নি বাবা এখন এ বোতল আর খাঁটিবগেলাস নিয়ে কোথায় যাই?

৪র্থ ছাত্র   বাবা, আমার ঘোটন এই মোটে শেষ হয়ে এসেছে ডেলাটা গালে দেব, এ সময়ে সখি সম্বাদটা আর না দিলে হ'ত' না

১ম ছাত্র   প্রাণ প্রেয়সী বৃন্দে, কৃষ্ণ-প্রেমে একি ব্যগড়া বাবা? নেশাটা জ'মবে তারপর কাদী চাক্‌রাণী বেটী তামাক সেজে নিয়ে আস্‌বে, ছুটে মধুর রসালাপ চ'লবে, এমন সময়ে রামলোচনের গবাকান্ত বাব এসে হাব বানিয়ে ছাড়্‌লে।

হরি   আর দেরি ক'র'না হে—আর দেরি কর'না শিগ্‌গির পেছনের দরজা দিয়ে বেরিয়ে পাশের বাড়ীতে গিয়ে আড্ডা নাও,—'তিনি এসে পড়লেন বলে

৪র্থ ছাত্র   কোথাকার ডিমের বাব বেটা এ সময়ে এল?—উচ্ছন্ন যাক্‌—উচ্ছন্ন যাক্‌

[ছাত্রগণের প্রস্থান

হরি।   যাহোক খুব পলিসি (Policy) ক'রে, বেটাদের সরান গেছে কুলধ্বজ ক'টা বড় বাপের মুখোজ্জল করবার জন্যে কল্‌কাতায় লেখা পড়া শিখ্‌তে এসেছেন প্রায় সব মেসেরই এই দুর্দ্দশা যা হোক এইবার কাকা মহাশয়কে ডাকা যাক্‌, দল বল শুদ্ধ নীচে দাঁড়িয়ে আছেন। (নেপথ্যের দিকে চাহিয়া) নন্দের

চাঁদ বাবু নদের চাঁদ বাবু উপরে উঠে আসুন কাকা কাকীকে সঙ্গে করে আনুন এখানে স্বচ্ছন্দ উঠে আসুন

(মিঃ প্যাকড়াশী, মালতী, নদের চাঁদ, কানাই ও নিতাইএর প্রবেশ)

পাক্‌ দাও বাবা হরিহর, সন্ধান ক'রে দাও মুখপুড়ী মেয়েটা কার সঙ্গে গেছে, কোথায় আছে এই খবরটী দাও, আমি ঝুঁটী পাক্‌ড়ে বেটীকে টেনে নিয়ে আসি

মাল বাব হরিহর, আমি হাজার টাকা খরচ করে ফেলেছি বাবা মেয়ে না হাজির করে দিতে পার্‌লে, আমায় পুলিস হাঙ্গামে প'ড়্‌তে হবে ও কসুর ছেলে সোজায় ছাড়বে না

নিতাই। ঠিক ঠিক মাঠাকরুণ। কোঁকোর কোঁ ঘানিগাছ ঘুরিয়ে পয়সা বাবুজী গলায় জেল দিয়ে আদায় করবে

কানা তাও বুঝ্‌তুম যদি তোমার নিজের একটু লাজ্জোৎ থাক্‌ত, তাহলে নয় তোমার মেয়ের বদলে, তোমার সঙ্গে বাবুজীর বে দেওয়ান যেত এ কাড্যা ভ্যারাস চেহার কি ক'রে বাবুজীকে গচাই বল'?

নদের এসব জুচ্চুরির ভেতর আরআমি থাক্‌চিনি আমার টাকা ফিরিয়ে দাও বাবা, আর বিয়েতে কাজ নেই

পাক্‌। ছাখ্‌ দিকি মাগী। আমার মাথা খেতে সে টাকা

থেকে কেন হাজার টাকা খরচ করলি? এখন তোর কোন্ বাবার কাছ থেকে আন্‌বি এনে দে নইলে দু'জনে জেলে যাই চল, সেই খানে আমার রটী টেই করে দিস্

মাগ ও বাব হরিহর, মুখপোড়া মিন্সে কি বলে শোন ওরে হতচ্ছাড তুই জেলে যাবি যা, আমি যাব কেন?

নিতাই বটেত ঠাকরুণ। তুমি ব'সে ব'সে নভেল লেখ আর উনি জেলে গিয়ে লাল বরগা গুনুন

হরি কাক মশায়, আপনি চিন্তিত হবেন না এই চাবি নেন, পাশের ঘরে যান আপনার ফুলকুমারীকে পাবেন, তার নাগরটীর সঙ্গে একত্রে বসে আছে

মাগ চল চল আমিও তোমার সঙ্গে যাব

পাক্ থাম্ ন্যাকা মাগী; আর সঙ্গে আস্‌তে হবে না এই খানে চুপ করে দাঁড়িয়ে থাক আমি আস্‌ছি

(পাকড়াশীর প্রস্থান)

নদে বাবা এ গোলকধাঁধার ব্যাপ বত কিছু বুঝতে পাচ্চি নে ভালয়, ভালয় টাকাটা ফেরত পেলে হয়, আমার বিয়েতে কাজ নেই। তা সে কথা ছেড়ে দাও, বাবা, আর বড়াবাড়ির দরকার নেই

হরি নাদের চাঁদ বাবু, যদি এইটুকু বুঝে থাকেন, আপনার ও উন্নতি হবে সমাজেরও ভাল হবে

নিতা হরিহর বাবু আর বচন ঝেড় না দাদা, ক্ষান্ত দাও আমি তো মায় বড়ী ভাজা খাওয়ার

(মিঃ পাকড়াশী, ফুলকুমারী ও মোহিনীর প্রবেশ)

পাকু হ্যাঁরে বেটী লেখাপড়া শিখিয়ে, তোর পেছনে মুটো মুটো টাকা খরচ করিয়ে শেষে এই ফল হ'ল ? যখন যা চেয়েছিস্,—তাই কিনে দিয়েছি তোর খরচ যুগিয়ে দেনদার হয়েছি—শেষে পিরীত করে বেটী ঘর ছেড়ে এলি ?

মালতী ও এলি এলি, বেটী গয়না গুলো রেখে এলিনা কেন' ? দে বেটী গয়নার বাক্স দে, এই গয়না বাঁধা দিয়ে যে হাজার টাকা আমি খরচ করেছি তা পুষিয়ে দেব

কানা ঠাকরুণ বড় তোফা বুদ্ধি করেছ আর জন্মে তুমি বোধ হয় গ্লাড্‌ষ্টোনের (Gladstone) বোন ছিলে

নিত (মোহিনীর প্রতি) তুমি কে বট হে নবীন ছোকরা ? অলিভার গোল্ডস্মিথের (Oliver Goldsmith) মত সিঁতে কেটে, বাজাবাবুর মত পাঞ্জাবী উড়িয়ে গেরস্তর-কুল মজিয়ে বেড়াও।

মোহি। আমি আপনাদের দাসানুদাস।

নিতা হুঁ। আছোলা বাঁশ বটে। এখন টেনে বার কর বাবা হাঁফ্ ছেড়ে বাঁচি

নদে যেন, চেনা চেনা ঠেকছে কে হে তুমি ছোকরা ? দেখি দেখি পরচুল পরনি ত' ? (চুল খুলিয়া দিয়া) এ কি বাবা এ যে মেয়ে মানুষ দেখছি

নিতা থাক'লে এ যে মিড্ সামার নাইটস্ ড্রিম (Mid summer nights dream)

কান। দূর মুখ্যু, বল্, কমিডি অফ্ এরারস্ (Comedy of errors)

পাকু। কি বাবা হরিহর ব্যাপার কি বল ? আমি ত' অবাক্ হয়ে গেছি

মাল হাঁরে কালামুখী পিরীত পিরীত করে একেবারে চোক কাণের মাথা খেয়েছিস্ ? মেয়ে মদ্দ জ্ঞান নেই ?

নিতা কি বাবা, দ্বিতীয় বেধব্য সেব জন্ম হবে না কি ? কথা খান বড় জবর

কানা আহ, এ সময়ে যদি কোন থিয়েটারের ম্যানেজার থাকৃতে তা হলে একটা গ্র্যাণ্ড আইডিয়া (grand idea) পেয়ে যেত, এক খানা প্যাণ্টোমাইম (Pantomime) লেখবার সুবিধে হ তে'

নদে হরিহর বাবু আমার মাথ খাও ভাই, এর ব্যাপারটা কি, খুলে বল ? আ মি, ত' তাজ্জব ব'নে গেছি

হরি আর আপনাদের ধোঁকায় রাখব'না সব খুলে বল্‌ছি, শুনুন ইংরাজী চাল ধরে কাকা কাকীকে যত দুর উচ্ছন্ন যাবার তা গিয়েছিলেন। তার পর যখন সমাজের মুখে ছাই দিয়ে কলুর ছেলের স‌ঙ্গে (আপনি কিছু মনে করবেন না) টাকার লোভে মেয়ের বিয়ে দিতে রাজী হলেন আমার প্রাণে বড় চোট লাগলো। হাজার হোক, একটা সম্পর্কতো আছে মনে মনে পণ করলুম এ বিয়ে কোন মতে ঘ'টতে দেওয়া হবে না ইনি একজন থিয়েটারের এক্ট্রেস। (Actress) নদের চাঁদ বাবুর সঙ্গে এঁর বাড়ী এক দিন বেড়াতে যাই সেই সূত্রে আলাপ হয় টাকা ক'বলে একে রাজী করে পুরুষ সাজিয়ে, ইডেন্

গার্ডেনে হাওয় খেতে পাঠিযেদি ফুলকুমারী ব'ও মাব কাছ থেকে ইণ্ডিপেণ্ডস্ (Independence) পেয়েছে ফ্রিলভ্ (Free love) বুঝতে শিখেছে ঝাঁ ক'বে দুজনেব লভ্ (Love) জন্মে গেল ও থিয়েটাবেব একট্রেস এমন পুরুষ সেজেছে, কাব বাবাব সাধ্য ধবে তাব পব আমারই পলিসিতে দু জনকে মেসে এনে, ঘবেব ভিতব চাবি দিয়ে বেখে দেওয়া হয় কাকী ভাব দেখি যদি সত্যই একট পুরুষ ফুলকুমাবীকে নিয়ে উধাও হ'ত তাহ'লে সমাজে মুখ দেখাতে কি কবে ? মেয়ে মানুষ একটু লোল কাটি দিলে মাথায় চড়ে ওদেব অতটা স্বাধীনতা দিতে আছে কি ? যা হবাব হয়েছে, বদ্ চাল গুলো সব ছেড়ে দাও। বাঙ্গালীর ছেলে ডাল ভাত খাও, ধুতি চাদব পব, পাঁচটা লোকেব যাতে ভাল হয়, সে কায কব।

প কু বাবা আমাব খুব শিক্ষ হযেছে, এই নাক কান ম'লছি, আব ইংবাজী চালে চোল্‌বো না গোবব খেযে প্রায়শ্চিত্ত ক'বে খাঁটী হিন্দুযানী চাল ধব্‌বো তুমি বাবা তেমনি কাকীকে একটু বুঝিযে, বল উনি যেন ~~মেমসাহেবি চাল~~ টাল্ গুলো একটু থো কবেন

কাপ বাবা হবিহব আমায় আব কিছু বল্‌তে হবে না বাব ! আমি ও প্রাযশ্চিত্ত ক'রে রোজ শ্মশানেশ্বর দর্শন ক'ব্‌ব', আব ঘরে ব'সে ব'সে হরিনামের মালা জ'প্‌বে

নদে তোমবা ত' ঘরাঘবি যে যাব বেশ বন্দোবস্ত ক'ব্‌লে

আমার টাকা কড়ি সব চুকিয়ে দাও,—নইলে আমি ছাড়চিনি

কান বটেই তে,—কেন ছাড়বো ?

নিতা। টাকা না পেলে, ম মেয়ে দুজনকেই পাকড়াও ক'রে নিয়ে যাব

পাকু আমার বাড়ী এস বাবা, তোমার সব টাকা বুঝিয়ে দিচ্ছি গিন্নী যে হাজার টাকা খরচ ক'রেছেন, মেয়ের গয়না বাঁধ দিয়ে তা শোধ ক'রে দেব

মাল। হ্যাঁরে ফুলকুমারী, তুই এমন হলি বাছা ?

ফুল ও মা কি করি বল ? আমার বয়েস হয়েছে ... ত' বস পেঁছিয়েছে উপযুক্ত মেয়োক, তোমরা যদি না দেখ তবে সে তার নিজের পথ না বেছে নেবে কেন ?

নতা ক্যাপিট্যাল (Capital) জবাব হয়েছে, তোমায় ঠাকু বল একটা কথা জিজ্ঞাসা করি ; তোমার বাড়ী যে দিন আমরা যাই, থিয়েটারের এক টেসী চাল ধ'রে আমাদের ত' এক রকম গালাগাল দিয়ে বিদেয় ক'রলে আর গেরস্তর কুল মজাতে তোমার বাবুর বুঝি হুকুম আছে ?

মোহি উপরি কিছু পেলে —আমরা বাবুও বুঝিনি বাবাও বুঝিনি হরিহরবাবু, আমার বাকী টাকা ?

হরি। কিছু ভেব' না তোমার বাড়ী পৌঁছে দিয়ে আসব' তুমি নিশ্চিন্দি থেক' সকলে চলুন, আর এখানে দাঁড়িয়ে থেকে লাভ কি ? নন্দেশ চাঁদ বাবু আপনি আপনার দল বল নিয়ে কাকীর বাড়ীতে আসুন, আপনার টাকাকড়ি বুঝে নেবেন

নদে তাই ত'—তাই ত' বিয়েটা কেঁচে গেল

কানা। তাই ত'—তাই ত,'—উপবিটা মারা গেল

নিত্য। তাই ত'—তাই ত'—আইবুড় ভাত খাওয়া হ'ল না

মোহি। তাই ত' তাই ত'—ফুল-শয্যায় নাচ্‌তে যেতে পেলুম না

পাক্। তাই ত'—তাই ত'—ইংরাজী চাল্ চেলে কি ভুলই বুঝেছিলুম

মাল। তাইত' তাইত' নভেল লিখে কি সর্ব্বনাশই করিছিলুম।

ফুল। তাইত' তাইত', ক্রি লভে এত জ্বালা তাকি জান্‌তুম?

হরি তাই ত'—তাই ত'—মজা হ'তে হ'তে হ'ল না। মজায় ধ্বজা উড়তো, সে মজা কেঁচে গেল তা সে যা হোক, আপনারা "মজায়" একটু মজা পেলেন কি? তা যদি পেয়ে থাকেন, তা হ'লে 'মজা' মজা বটে

(মালতী মোহিনী ও ফুলকুমারীর গীত)

তাই ত' ফেঁসে গেল মজা হ'ল' না।
সহে না ললনা॥
নিরবধি বাদী বিধি, দিয়ে কেড়ে নিল নিধি,
দুখ কব' কারে লোক লাজ করে মানা।
ধিক্ ধিক্ ধিক্ রমণী জনম ভাল' না॥

[সকলের প্রস্থান।]

পট পরিবর্ত্তন।

ছোট দিনের উজ্জ্বল দৃশ্য।

সমবেত সঙ্গীত

শ্যামল তৃণ রাজি, শ্যামল তরুসাজি
ফলে ফুলে ধীরে দোলে।
নয়ন ঢল্ ঢল, তারকা উজ্জ্বল
ফুটিছে গগণ শ্যামলে॥
হৃদয় হিল্লোলে, দোলে কামিনী দলে
খিলায়ে মোহিনী, যামিনী মোদিনী
ঝিমি ঝিমি রবে চলে॥
নূতন "মজা" হেরি, আমোদে রহ ভরি
নূতন বরষে, ভাসি নব রসে
"হ্যাপি নিউ ইয়ার" গাই সকলে॥

যবনিকা॥